রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১৫, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়

যৌথ বাহিনী নির্দেশাবলি
(Joint Services Instructions)
নম্বর ০১/২০২৬

ঢাকা, ২৯ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ/১৪ নভেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর ০১/২০২৬। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত যৌথ বাহিনী নির্দেশাবলি ০১/২০২৬ (জেএসআই ০১/২০২৬)। সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেট, আইএসএসবি প্রতিযোগীবৃন্দ, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই), ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা এবং এমওডিসি ব্যক্তিবর্গ ও সমতুল্যগণের মূল বেতন, বেতন উপাদান, ভাতা এবং অবসরজনিত সুবিধাবলি নির্ধারণ।

১। যৌথ বাহিনী নির্দেশাবলি ০১/২০২৬ প্রবর্তন ও প্রয়োগ।

ক। সরকার জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে যৌথ বাহিনী নির্দেশাবলি ০১/২০২৬ প্রণয়ন করিয়া সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেট, আইএসএসবি প্রতিযোগীবৃন্দ, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই), ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা এবং এমওডিসি ব্যক্তিবর্গ ও সমতুল্যগণের মূল বেতন, বেতন উপাদান, ভাতাদি এবং অবসরজনিত সুবিধাবলির পরিমাণ/হার নির্ধারণ/পুনর্নির্ধারণ করিল। **০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (খ), (গ), (ঘ), (ঙ), (চ), (ছ), (জ) এবং (ঝ) এর বিধানাবলি সাপেক্ষে** এই জেএসআই ১/২০২৬ কার্যকর হইয়াছে মর্মে গণ্য হইবে। প্রচলিত বিধি-বিধানের প্রাসঙ্গিক নির্দেশসমূহ এই যৌথ বাহিনীর নির্দেশাবলির নির্দেশসমূহের পরিসরে (to the extent of) অতিক্রান্ত হইয়াছে মর্মে গণ্য হইবে;

মূল্য : টাকা ৭০.০০

সীমিত

২

খ। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতনস্কেল কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ ০১ জুলাই ২০২৬ তারিখে বাহিনী প্রধানগণ এবং লেফটেন্যান্ট জেনারেল ও সমতুল্যগণ নির্ধারিত বেতন বাবদ বর্ধিত মোট টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত বেতন এবং ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত নির্ধারিত বেতনের পার্থক্য) ৪০ শতাংশ ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য বেতনের সহিত যোগ করিয়া ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। অতঃপর, উক্ত বর্ধিত মোট টাকার অঙ্কের ৭০ শতাংশ ৩০ জুন, ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য নির্ধারিত বেতনের সহিত যোগ করিয়া ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হইতে ৩০ জুন, ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। অতঃপর, ০১ জুলাই, ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে শতভাগ নির্ধারিত বেতন প্রদেয় হইবে;

গ। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ০১ জুলাই ২০২৬ তারিখে মেজর জেনারেল ও সমতুল্য পদবি হইতে ওয়ারেন্ট অফিসার ও সমতুল্য পদবি পর্যন্ত, এমওডিসি'র মাস্টার ওয়ারেন্ট অফিসার ও সিনিয়র ওয়ারেন্ট অফিসার এবং ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ (জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী ৯ম গ্রেড ও তদূর্ধ্ব) নির্ধারিত মূল বেতন বাবদ বর্ধিত মোট টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত মূল বেতন এবং ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত মূল বেতনের পার্থক্য) ৪০ শতাংশ ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। অতঃপর, উক্ত বর্ধিত মোট টাকার অঙ্কের ৭০ শতাংশ ৩০ জুন, ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হইতে ৩০ জুন, ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ০১ জুলাই, ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে;

ঘ। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ০১ জুলাই ২০২৬ তারিখে সার্জেন্ট ও সমতুল্য পদবি হইতে এনসি(ই) ও সমতুল্য পদবি, এমওডিসি'র ওয়ারেন্ট অফিসার ও তদনিম্ন, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট এবং অফিসার ক্যাডেট, এএফএনএস ক্যাডেট হইতে রিক্রুট ও সমতুল্য পদবির সদস্যগণ (জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী ১০ম গ্রেড ও তদনিম্ন) নির্ধারিত মূল বেতন বাবদ বর্ধিত মোট টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত মূল বেতন এবং ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত মূল বেতনের পার্থক্য) ৫০ শতাংশ ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন। অতঃপর, উক্ত বর্ধিত মোট টাকার অঙ্কের ৭৫ শতাংশ ৩০ জুন, ২০২৬ তারিখে আহরিত বা প্রাপ্য মূল বেতনের সহিত যোগ করিয়া ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হইতে ৩০ জুন, ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে। ০১ জুলাই, ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে;

ঙ। ১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত সময়ে জেসিও ও সমতুল্য পদবির নিম্নের কোনো সদস্য যদি জেসিও ও সমতুল্য এবং তদূর্ধ্ব পদবিতে পদোন্নতি বা পুনঃপদোন্নতি প্রাপ্ত হন তাহা হইলে তাঁহার ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ১(গ) প্রযোজ্য হইবে। একইভাবে জেসিও ও সমতুল্য এবং তদূর্ধ্ব পদবির কোনো সদস্যের জেসিও ও সমতুল্য পদবির নিম্নের কোনো পদে যদি পদাবনতি ঘটে তাহা হইলে তাঁহার ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ১(ঘ) প্রযোজ্য হইবে।

সীমিত

৩

চ। সশস্ত্র বাহিনীর সদস্যগণ ১ জুলাই ২০২৬ তারিখ হইতে এই নির্দেশাবলি অনুযায়ী মূল বেতন নির্ধারণের পর যেই মাসে উহা আহরণ করিবেন উহার পূর্ব মাস পর্যন্ত সময়ের মূল বেতন বকেয়া হিসাবে প্রাপ্য হইবেন। একইসাথে, ১ জুলাই ২০২৬ তারিখ হইতে এই নির্দেশাবলি অনুযায়ী বেতন প্রাপ্তির পূর্ব মাস পর্যন্ত বিশেষ সুবিধা বাবদ আহরিত অর্থ প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে;

ছ। জেএসআই ১/২০১৬ এর বিধান মোতাবেক প্রযোজ্য সকল বেতন উপাদান, ভাতা ও সুবিধাদি ৩০ জুন, ২০২৬ তারিখে প্রাপ্য বা আহরিত অঙ্কে ৩১ ডিসেম্বর, ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং ০১ জানুয়ারি, ২০২৮ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত হার/পরিমাণে প্রদেয় হইবে;

জ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে বিদ্যমান "বিশেষ সুবিধা" অবলুপ্ত হইয়াছে মর্মে গণ্য হইবে।

ঝ। দফা (জ)-তে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, যে ব্যক্তি ১ জুলাই ২০২৬ তারিখে অবসর প্রস্তুতিমূলক (এলপিআর) ছুটিতে রহিয়াছেন তিনি ৩০ জুন ২০২৬ তারিখে যেই হারে বিশেষ সুবিধা প্রাপ্য হইতেন সেই হারে অবসর প্রস্তুতিমূলক ছুটি সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রাপ্য হইবেন।

২। প্রযোজ্যতা। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত জেএসআই ০১/২০২৬ নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা:—

ক। জেএসআই ০১/২০১৬ (সময়ে সময়ে জারিকৃত সংশোধনীসহ) দ্বারা নিয়ন্ত্রিত সকল কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই), ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ এবং এমওডিসি ব্যক্তিবর্গ ও সমতুল্যগণ যাহারা ০১ জুলাই, ২০২৬ তারিখে চাকরিরত ছিলেন। উক্ত তারিখে যাহারা অব্যাহতি/অবসর/অক্ষমতা/অসমর্থতা পূর্ব ছুটিতে (Leave pending release/ retirement/ invalidment/disablement) ছিলেন এবং উক্ত তারিখের পরে যাহারা চাকরিতে যোগদান করিয়াছেন, তাহাদের ক্ষেত্রেও জেএসআই ০১/২০২৬-এর নির্দেশসমূহ প্রযোজ্য হইবে;

খ। ০১ জুলাই, ২০২৬ তারিখে অথবা পরে প্রশিক্ষণে আহ্বানকৃত অথবা চাকরিতে প্রত্যাহ্বানকৃত/ পুনঃনিযুক্ত সকল সংরক্ষিত অফিসার, এএফএনএস অফিসার, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, এনসি(ই), ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা এবং এমওডিসি ব্যক্তিবর্গ ও সমতুল্যগণ; এবং

গ। সেনাবাহিনীর অফিসার ক্যাডেট, নৌবাহিনীর অফিসার ক্যাডেট ও মিডশীপম্যান, বিমানবাহিনীর অফিসার ক্যাডেট, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেট এবং আইএসএসবি প্রতিযোগীবৃন্দ, সেনাবাহিনীর রিক্রুট, নৌবাহিনীর রিক্রুট, নাবিক ইউ/টি, বিমানবাহিনীর রিক্রুট, এসি-২ এবং এমওডিসি'র রিক্রুট।

৩। জেএসআই ০১/২০২৬ এর আলোকে নিম্নে বর্ণিত অধ্যায়সমূহ প্রণীত হইল:

অধ্যায়-১। সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট ও এএফএনএস ক্যাডেটদের মূল বেতন এবং বেতন উপাদান;

অধ্যায়-২। সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই) এবং এমওডিসি ব্যক্তিবর্গের বেতন এবং বেতন উপাদান;

অধ্যায়-৩। সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান ও এএফএনএস ক্যাডেটদের ভাতা;

সীমিত
৪

অধ্যায়-৪। সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্য ব্যক্তিবর্গের ভাতা;

অধ্যায়-৫। সশস্ত্র বাহিনীর ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাদের বেতন, ভাতা ও অবসর সুবিধাদি; এবং

অধ্যায়-৬। সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, এনসি(ই),এমওডিসি এবং তাহাদের সমতুল্যগণের অবসরজনিত সুবিধাবলি।

৪। জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুসারে যৌথ বাহিনী নির্দেশাবলি ২০২৬ বাস্তবায়ন কৌশল (চাকরিরত/এলপিআর বেতন এবং পেনশন প্রাপ্যতা):

বিষয়	পদবি/স্ল্যাব	২০২৬-২০২৭ অর্থবছর		২০২৭-২০২৮ অর্থবছর	
		০১ জুলাই ২০২৬ ৩১ ডিসেম্বর ২০২৬	০১ জানুয়ারি ২০২৭ ৩০ জুন ২০২৭	০১ জুলাই ২০২৭ ৩১ ডিসেম্বর ২০২৭	০১ জানুয়ারি ২০২৮ ৩০ জুন ২০২৮
চাকরিরত					
মূল বেতন ও বিশেষ সুবিধা	বাহিনী প্রধানগণ, লেফটেন্যান্ট জেনারেল ও সমতুল্যগণ, মেজর জেনারেল ও সমতুল্য থেকে ওয়ারেন্ট অফিসার ও সমতুল্য পর্যন্ত, এমওডিসির সিঃওঃ অফিসার ও মাঃ ওঃ অফিসার এবং ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা	বর্ধিত মূলবেতনের ৪০%	বর্ধিত মূলবেতনের ৭০%	জেএসআই - ০১/২০২৬ অনুযায়ী শতভাগ মূলবেতন	জেএসআই - ০১/২০২৬ অনুযায়ী শতভাগ মূলবেতন
		বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত
	সার্জেন্ট ও সমতুল্য থেকে এনসি(ই) ও সমতুল্য এবং অফিসার ক্যাডেট থেকে রিক্রুট ও সমতুল্য পর্যন্ত এমওডিসির ওয়ারেন্ট অফিসার ও তদনিম্নের সদস্যগণ	বর্ধিত মূলবেতনের ৫০%	বর্ধিত মূলবেতনের ৭৫%	জেএসআই - ০১/২০২৬ অনুযায়ী শতভাগ মূলবেতন	জেএসআই - ০১/২০২৬ অনুযায়ী শতভাগ মূলবেতন
		বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত	বিশেষ সুবিধা অবলুপ্ত
বেতন উপাদান ও ভাতা	সকল পদবি	জেএসআই ০১/২০১৬ অনুযায়ী প্রদেয়	জেএসআই ০১/২০১৬ অনুযায়ী প্রদেয়	জেএসআই ০১/২০১৬ অনুযায়ী প্রদেয়	জেএসআই - ০১/২০২৬ অনুযায়ী পূর্ণ হার/পরিমাণে প্রদেয়

সীমিত

৫

এলপিআরভোগী					
তারিখ	এলপিআর এর প্রকৃতি	জেএসআই ০১/২০১৬ অনুযায়ী বেতন-ভাতাদি এবং বিশেষ সুবিধা	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বর্ধিত বেতন	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী পেনশন নির্ধারণ	মন্তব্য
৩০ জুন ২০২৬	এলপিআর শেষ	প্রাপ্য নহে	প্রাপ্য নহে	প্রাপ্য নহে	০১ জুলাই ২০২৬ থেকে অবসর শুরু। জেএসআই ০১/২০২৬ এর অধ্যায়-৬ এর ৪র্থ অংশের ২৭ নং অনুচ্ছেদ অনুযায়ী শতাংশ ভিত্তিক পেনশন বৃদ্ধি।
০১ জুলাই ২০২৬	পূর্ব হইতে শুরু হইয়া এলপিআর চলমান	প্রাপ্য	প্রাপ্য নহে	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী পেনশন নির্ধারণ এবং কম্যুটেশন সুবিধা প্রাপ্য	অধ্যায় ৬ এর অনুচ্ছেদ ৩ অনুযায়ী কম্যুটেশন ও পেনশন প্রাপ্য হইবেন।
০১ জুলাই ২০২৬	এলপিআর শুরু	প্রাপ্য	প্রাপ্য নহে		

নোট: বর্ধিত মূল বেতন হইল জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত মূল বেতন এবং ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত মূল বেতনের পার্থক্য।

সীমিত

৬

অধ্যায়-১

সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেটদের মূল বেতন এবং বেতন উপাদান

১। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত জেএসআই ০১/২০২৬ এর মাধ্যমে সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট ও এএফএনএস ক্যাডেটদের মূল বেতন এবং বেতন উপাদান নির্ধারণ এ অধ্যায়ের নিম্নোক্ত ক্রোড়পত্র হিসাবে সংযোজন করা হইল:

১।	সেনাবাহিনীর সকল কমিশন্ড অফিসার (আর্মি মেডিক্যাল কোর, ডেন্টাল কোর, ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস্ ও ইএমই কোরের ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী সরাসরি ক্যাপ্টেন পদবিতে কমিশন প্রাপ্ত অফিসারবৃন্দ, সিগন্যালস্ কোরে প্রাক কমিশন ইলেক্ট্রনিক্স-এ এমএসসি ডিগ্রিধারী, আর্মি এডুকেশন কোর, জেএজি বিভাগ, আরভিএন্ডএফসি ও মনোবিজ্ঞানী হিসাবে সরাসরি লেঃ পদবিতে কমিশনপ্রাপ্ত অফিসারবৃন্দ এবং এএফএনএস অফিসার ব্যতীত)	ক্রোড়পত্র 'ক'
২।	আর্মি মেডিক্যাল কোর, আর্মি ডেন্টাল কোর, ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস্ ও ইএমই কোরের ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী সরাসরি ক্যাপ্টেন পদবিতে কমিশনপ্রাপ্ত অফিসারবৃন্দ (নৌবাহিনী এবং বিমানবাহিনীতে সেকেন্ডেড অফিসারসহ)	ক্রোড়পত্র 'খ'
৩।	সিগন্যালস্ কোরে প্রাক কমিশন ইলেক্ট্রনিক্স-এ এমএসসি ডিগ্রিধারী, আর্মি এডুকেশন কোর, আর্মি ডেন্টাল কোর, জেএজি বিভাগ, আরভিএন্ডএফসি ও মনোবিজ্ঞানী হিসাবে সরাসরি লেঃ পদবিতে কমিশনপ্রাপ্ত অফিসারবৃন্দ (নৌবাহিনী এবং বিমানবাহিনীতে সেকেন্ডেড অফিসারসহ)	ক্রোড়পত্র 'গ'
৪।	নৌবাহিনীর কমিশন্ড অফিসারবৃন্দ (সংরক্ষিত অফিসারসহ)	ক্রোড়পত্র 'ঘ'
৫।	বিমানবাহিনীর জেনারেল ডিউটি শাখার কমিশন্ড অফিসারবৃন্দ	ক্রোড়পত্র 'ঙ'
৬।	বিমানবাহিনীর গ্রাউন্ড ডিউটি শাখার কমিশন্ড অফিসারবৃন্দ	ক্রোড়পত্র 'চ'
৭।	আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিস (এএফএনএস) এর অফিসারবৃন্দ	ক্রোড়পত্র 'ছ'
৮।	অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট এবং এএফএনএস ক্যাডেট	ক্রোড়পত্র 'জ'

২। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত জেএসআই ০১/২০২৬ এ বেতন নির্ধারণ। মূল বেতন নির্ধারণের পদ্ধতি নিম্নরূপ হইবে, যথা:—

ক। বাহিনী প্রধানগণ, লেফটেন্যান্ট জেনারেল এবং মেজর জেনারেল ও সমতুল্য পদবির অফিসারগণের স্ব স্ব পদবির জন্য 'নির্ধারিত' বেতন অনুযায়ী তাঁহাদের বেতন নির্ধারিত হইবে;

সীমিত

৭

খ। ব্রিগেডিয়ার জেনারেল ও তদনিম্ন এবং সমতুল্য পদবির অফিসারগণের ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে উলম্ব স্কেলে (Vertical Scale) মূল বেতন নির্ধারিত হইবে। পদবির জন্য নির্ধারিত সর্বনিম্ন এবং সর্বোচ্চ বেতনসীমা সাপেক্ষে উক্ত তারিখ হইতে কমিশন্ড অফিসার হিসাবে চাকরিকালের ভিত্তিতে (মূল বেতনের ক্ষেত্রে প্রযোজ্য কোনো পশ্চাৎ জ্যেষ্ঠতা থাকিলে তাহাসহ) তাঁহাদের মূল বেতন জেএসআই ০১/২০২৬ এর যথাযথ ধাপে নির্ধারিত হইবে, অতঃপর কমিশন্ড চাকরির দৈর্ঘ্যের ভিত্তিতে (মূল বেতনের ক্ষেত্রে প্রচলিত বিধি বিধান অনুসারে প্রযোজ্য পশ্চাৎ জ্যেষ্ঠতাসহ) বার্ষিক বেতন বৃদ্ধি প্রযোজ্য হইবে;

গ। ০১ জুলাই, ২০২৬ তারিখে যে সকল ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন জেএসআই ০১/২০২৬ এর অনুরূপ স্কেলে (Corresponding Scale) নির্ধারিত হইবে। এইরূপ ক্ষেত্রে অবসর প্রস্তুতিমূলক ছুটির সময়ে যদি বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতনের সহিত যুক্ত হইবে। তবে তিনি অবসর প্রস্তুতিমূলক ছুটির সময়ে উক্ত ছুটির বেতন জেএসআই ০১/২০১৬ এর ভিত্তিতে পাইতে থাকিবেন;

ঘ। যে সকল অফিসার ১ জুলাই ২০২৬ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে রহিয়াছেন তাঁহারা ৩০ জুন ২০২৬ তারিখে যে হারে বিশেষ সুবিধা প্রাপ্য হইতেন অবসর প্রস্তুতিমূলক ছুটি সমাপ্ত না হওয়া পর্যন্ত সেই হারে প্রাপ্য হইবেন; এবং

ঙ। ৩০ জুন, ২০২৬ তারিখে যে সকল অফিসারের অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষ হইবে (SOS) এবং ০১ জুলাই, ২০২৬ তারিখে যাহারা অবসরে যাইবেন তাঁহারা ০১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

৩। প্রথম নিয়োগ প্রাপ্তিতে বেতন নির্ধারণ।

ক। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে প্রথম নিয়োগপ্রাপ্ত কোনো অফিসারের বেতন জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপে নির্ধারিত হইবে;

খ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত নবনিয়োগপ্রাপ্ত অফিসারের ক্ষেত্রে তাঁহার মূল বেতন তিনি ৩০ জুন ২০২৬ তারিখে উক্ত পদে যোগদান করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যেই মূল বেতন আহরণ করিতেন, উহার সহিত শুধু মূল বেতন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ এ বর্ণিত পদবির জন্য নির্ধারিত প্রারম্ভিক/প্রযোজ্য মূল বেতনের সহিত জেএসআই ০১/২০১৬-তে একই পদবির জন্য প্রাপ্য প্রারম্ভিক মূল বেতনের পার্থক্য) ৪০ শতাংশ ০১ জুলাই ২০২৬ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত এবং ৭০ শতাংশ ০১ জানুয়ারি ২০২৭ হইতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে প্রদেয় হইবে। ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে; এবং

গ। ৩০ জুন ২০২৬ তারিখে উক্ত পদে যোগদান করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যে হার/পরিমাণে বেতন উপাদান ও ভাতাদি প্রাপ্য হইতেন, ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত অনুরূপ হার/পরিমাণে উহা প্রাপ্য হইবেন। জেএসআই ০১/২০২৬ অনুসারে সকল বেতন উপাদান ও ভাতাদি ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে প্রদেয় হইবে।

সীমিত

৮

৪। পদোন্নতিতে বেতন নির্ধারণ। পদোন্নতিতে বেতন নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:—

ক। বাহিনী প্রধান, লেফটেন্যান্ট জেনারেল এবং মেজর জেনারেল ও সমতুল্য পদবিতে পদোন্নতির ক্ষেত্রে স্ব স্ব পদবির জন্য 'নির্ধারিত' বেতন অনুযায়ী তাঁহাদের বেতন নির্ধারিত হইবে;

খ। সর্বনিম্ন পদবির অফিসার হইতে ব্রিগেডিয়ার জেনারেল এবং সমতুল্য পদবি পর্যন্ত পদোন্নতি প্রাপ্তিতে সংশ্লিষ্ট অফিসারগণের মূল বেতন পদোন্নতির তারিখে পদবি এবং কমিশন্ড চাকুরির দৈর্ঘ্যের ভিত্তিতে নির্ধারিত হইবে। ইহার পর প্রচলিত বিধি অনুসারে বার্ষিক বেতন বৃদ্ধি প্রযোজ্য হইবে; এবং

গ। সেনাবাহিনীর সাধারণ তালিকাভুক্ত (General List) অফিসারগণের বেতন প্রচলিত বিধি অনুসারে নির্ধারিত হইবে। নৌবাহিনী এবং বিমানবাহিনীর যথাক্রমে বিশেষ কর্তব্য তালিকায় (Special Duty List) এবং শাখা তালিকায় (Branch List) অন্তর্ভুক্ত পদ হইতে কমিশনপ্রাপ্ত অফিসারগণের ক্ষেত্রে, জেসিও এবং সমতুল্য পদের পূর্ণ চাকরিকাল এবং তদনিম্ন (জেসিও এবং সমপর্যায় পদের নিম্ন) পদের চাকরিকালের অর্ধেক, শুধু মূল বেতন নির্ধারণের জন্য গণ্য হইবে।

৫। উচ্চতর গ্রেডের প্রাপ্যতা।

(১) কোনো অফিসার পদোন্নতি ব্যতিরেকে একই পদে ৮ (আট) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে তাঁহার পদের মূল স্কেলের পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, যেই সকল অফিসারের ক্ষেত্রে ১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে চাকরির ৮ (আট) বৎসর পূর্তি হইয়াছে কিন্তু ১০ (দশ) বছর পূর্তি হয় নাই, সেই সকল অফিসার ১ জুলাই ২০২৬ তারিখে উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(২) কোনো অফিসার উপ-অনুচ্ছেদ ১ অনুযায়ী তাঁহার চাকরির ৮ (আট) বৎসর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পরও পদোন্নতি ব্যতিরেকে একই পদে পরবর্তী ৬ (ছয়) বৎসর কর্মরত থাকিলে প্রথম উচ্চতর গ্রেড প্রাপ্তির তারিখ হইতে ৬ষ্ঠ বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৭ম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না।

(৩) উপ-অনুচ্ছেদ ১ ও ২ এ উল্লিখিত আর্থিক সুবিধা লেফটেন্যান্ট কর্নেল ও সমতুল্য (এএফএনএস এর ক্ষেত্রে কর্নেল) পদবি পর্যন্ত প্রযোজ্য হইবে এবং লেফটেন্যান্ট কর্নেল ও সমতুল্য বা তদূর্ধ্ব পদবির কোনো অফিসার এই সুবিধা গ্রহণপূর্বক কর্নেল ও সমতুল্য বা তদূর্ধ্ব পদবিতে বেতন প্রাপ্য হইবেন না।

(৪) কোনো অফিসার উপরের উপ-অনুচ্ছেদ ১ ও ২ এ উল্লিখিত আর্থিক সুবিধা একই পদবিতে দুইবারের অধিক প্রাপ্য হইবেন না। অধিকন্তু, কোনো অফিসার পূর্বের বেতনস্কেলসমূহের আওতায় একই পদবিতে দুই বা ততোধিক সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড (যে নামেই অভিহিত হউক না কেন) পাইয়া থাকিলে উক্ত পদবিতে থাকা অবস্থায় তিনি জেএসআই ০১/২০২৬ অনুসারে উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

(৫) কোনো অফিসার একই পদবিতে চাকরিকালীন ৩০ জুন ২০২৬ তারিখ বা উহার পূর্বে যদি একটি মাত্র উচ্চতর স্কেল/উচ্চতর গ্রেড পাইয়া থাকেন, তবে পরবর্তী ৬ (ছয়) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, তিনি ৭ম বৎসরে দ্বিতীয় উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন। এইক্ষেত্রে তিনি বেতন নির্ধারণী সুবিধা ব্যতিরেকে ৩০ জুন ২০২৬ তারিখ বা উহার পূর্বের কোন বকেয়া প্রাপ্য হইবেন না।

সীমিত

৯

(৬) যেই সকল পদ সাংগঠনিক কাঠামোতে ব্লকড (blocked) পদ হিসাবে ঘোষিত এবং যেই সকল পদে পদোন্নতির কোনও বিধান নাই, সেই সকল পদে কর্মরত কর্মচারীগণ উপ-অনুচ্ছেদ (১), (২) ও (৫) অনুযায়ী দুইটি উচ্চতর গ্রেড প্রাপ্তির পর সন্তোষজনক চাকরির শর্তে দ্বিতীয় উচ্চতর গ্রেড প্রাপ্তির তারিখ হইতে ৮ (আট) বৎসর পূর্তিতে স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে পরবর্তী (তৃতীয়) উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন এবং এই সুবিধা ঐ একই পদে সমগ্র চাকরি জীবনে সর্বমোট তিনবারের বেশি প্রাপ্য হইবেন না, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ০১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে এইরূপ উচ্চতর গ্রেড প্রদেয় হইবে না।

ব্যাখ্যা। (ক) "সন্তোষজনক চাকরি" বলিতে সশস্ত্র বাহিনীর সদস্যগণের পদোন্নতিসহ প্রযোজ্য ক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধিবিধানে অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধিবিধান বুঝাইবে; এবং

(খ) "স্বয়ংক্রিয়" বলিতে বিভাগীয় পদোন্নতি কমিটি ব্যতিরেকে প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয় নিষ্পত্তি করা বুঝাইবে।

৬। নিম্নপদে পদাবনতি এবং পুনঃপদোন্নতিতে মূল বেতন নির্ধারণ। নিম্নপদে পদাবনতি এবং পুনঃপদোন্নতিতে মূল বেতন নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:—

ক। ব্রিগেডিয়ার জেনারেল ও তদনিম্ন এবং সমতুল্য পদবির অফিসারগণের পদাবনতি ঘটিলে যেই পদবিতে পদাবনতি ঘটিয়াছে, সেই পদবির জন্য প্রযোজ্য স্কেলে কমিশন্ড চাকুরির দৈর্ঘ্যের ভিত্তিতে পদাবনতির তারিখ হইতে মূল বেতন নির্ধারিত হইবে;

খ। পুনঃপদোন্নতিতে অফিসারের মূল বেতন প্রযোজ্য স্কেলের ঐ পর্যায়ে নির্ধারিত হইবে, যাহা তিনি পূর্বে একই পদবিতে থাকাকালে গ্রহণ করিয়াছিলেন এবং পূর্বে যেই সময়ব্যাপী তিনি উক্ত বেতন গ্রহণ করিয়াছিলেন তাহা ঐ স্কেলে বার্ষিক বর্ধিত বেতন প্রদানের ক্ষেত্রে গণনাযোগ্য হইবে। এই ভাবে নির্ধারিত মূল বেতন যদি অনুচ্ছেদ-৪ অনুযায়ী নির্ধারিত মূল বেতন অপেক্ষা কম হয় তবে, উক্ত অফিসারের মূল বেতন অনুচ্ছেদ-৪ অনুযায়ী নির্ধারিত হইবে।

৭। মূল বেতন নির্ধারণের পর পদবি ও চাকরির বর্ষ অনুযায়ী বার্ষিক বেতন নির্ধারণ।

জেএসআই-০১/২০২৬ অনুযায়ী ১ জুলাই, ২০২৬ তারিখে সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসারগণের পদবি এবং চাকরির বর্ষ অনুযায়ী মূল বেতন নির্ধারণের পর প্রতি বছর সংশ্লিষ্ট অফিসারের কমিশন প্রাপ্তির তারিখে পদবি এবং চাকরির বর্ষ অনুযায়ী প্রযোজ্য ধাপে মূল বেতন নির্ধারিত হইবে।

উদাহরণ। একজন মেজর বা সমতুল্য পদবির অফিসার ০১ জুন ২০১১ তারিখে কমিশনপ্রাপ্ত হইলে ০১ জুলাই ২০২৬ তারিখে তাঁহার চাকরির দৈর্ঘ্য হইবে ১৫ বৎসর ০১ মাস ০১ দিন । তদনুযায়ী জেএসআই ০১/২০২৬ এর বিধান অনুসারে তাঁহার মূল বেতন ১৬শ বর্ষে ১,১৩,২০০ টাকায় নির্ধারিত হইবে। অতঃপর ০১ জুন ২০২৭ তারিখে তাঁহার চাকরির দৈর্ঘ্য হইবে ১৬ বৎসর ০১ দিন। তদনুযায়ী কমিশন প্রাপ্তির তারিখ অনুসারে ০১ জুন ২০২৭ তারিখে ১৭শ বর্ষের প্রযোজ্য ধাপে তাঁহার পরবর্তী মূল বেতন নির্ধারিত হইবে ১,১৭,৭০০ টাকা।

সীমিত

১০

৮। মূল বেতন ব্যতীত অন্যান্য বেতন। সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার এবং অফিসার ক্যাডেটবৃন্দ ০১ জানুয়ারি, ২০২৮ তারিখ হইতে নিম্নবর্ণিত বর্ধিত হারে প্রযোজ্যতা অনুসারে অন্যান্য বেতন প্রাপ্য হইবেন, যথা:—

ক্রমিক নম্বর	অন্যান্য বেতন উপাদান	বর্তমান হার (টাকায়)	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী হার/পরিমাণ (টাকায়)
১।	**কমান্ড/স্টাফ/চার্জ/শিক্ষকতা বেতন**		
	(১) বাহিনী প্রধান	৩,২৫০ মাসিক	৩,৫৭৫ মাসিক
	(২) লেঃ জেনারেল এবং সমতুল্যগণ	২,৬০০ মাসিক	২,৮৬০ মাসিক
	(৩) মেজর জেনারেল এবং সমতুল্যগণ	২,২০৮ মাসিক	২,৪২৯ মাসিক
	(৪) ব্রিগেডিয়ার জেনারেল এবং সমতুল্যগণ	২,০০০ মাসিক	২,২০০ মাসিক
	(৫) কর্নেল এবং সমতুল্যগণ	১,৮০২ মাসিক	১,৯৮২ মাসিক
	(৬) লেঃ কর্নেল এবং সমতুল্যগণ	১,৬০৪ মাসিক	১,৭৬৪ মাসিক
	(৭) মেজর এবং সমতুল্যগণ	১,২০৯ মাসিক	১,৩৩০ মাসিক
	(৮) ক্যাপ্টেন ও তদনিম্ন এবং সমতুল্যগণ	৮০৩ মাসিক	৮৮৩ মাসিক
	(বাংলাদেশ সমরাস্ত্র কারখানায় যেই সকল পদ/নিযুক্তিতে সশস্ত্র বাহিনীর অফিসার নিয়োগের বিধান রহিয়াছে সেই সকল নিযুক্তি)		
২।	**যোগ্যতা বেতন**		
	(১) উচ্চতর হার	৮০৩ মাসিক	৮৮৩ মাসিক
	(২) নিম্নতর হার	৪৯৫ মাসিক	৫৪৫ মাসিক
	(৩) এএফএনএস অফিসার	৪৯৫ মাসিক	৫৪৫ মাসিক
৩।	**ডিস্টারব্যান্স বেতন-সকল বিবাহিত অফিসার**	৭০৩ মাসিক	৭৭৩ মাসিক
৪।	**কমান্ডো/এসএসজি/প্যারাসুট/সাবমেরিন/সোয়াডস/স্কুবা ডাইভিং এবং স্নাইপার বেতন** [কোর্সে যোগ্যতা সম্পন্নকারীগণ পদবি নির্বিশেষে যে কোনো নিযুক্তিতে কর্মরত থাকাকালে উক্ত বেতন উপাদান প্রাপ্য হইবেন]		
	(১) কমান্ডো/এসএসজি বেতন	১,৮০২ মাসিক	১,৯৮২ মাসিক
	(২) সোয়াডস বেতন	১,৮০২ মাসিক	১,৯৮২ মাসিক
	(৩) প্যারাসুট বেতন	৬০৪ মাসিক	৬৬৪ মাসিক
	(৪) সাবমেরিন বেতন	৩,০০০ মাসিক	৪,৫০০ মাসিক
	(৫) স্কুবা ডাইভিং বেতন	৬০৪ মাসিক	৬৬৪ মাসিক
	(৬) স্নাইপার বেতন	৬৫০ মাসিক	৭১৫ মাসিক

সীমিত

১১

৫।	**উড্ডয়ন বেতন**		
	(১) সেনাবাহিনী-সেনা এভিয়েশন পাইলট/ ফ্লাইট ক্রু		
	(ক) ব্রিগেডিয়ার জেনারেল ও তদূর্ধ্ব	৫,০০০ মাসিক	১২,০০০ মাসিক
	(খ) কর্নেল ও তদনিম্ন	৪,০০০ মাসিক	১০,০০০ মাসিক
	(২) নৌবাহিনী		
	(ক) কমডোর ও তদূর্ধ্ব	৫,০০০ মাসিক	১২,০০০ মাসিক
	(খ) ক্যাপ্টেন ও তদনিম্ন	৪,০০০ মাসিক	১০,০০০ মাসিক
	(৩) বিমানবাহিনীর জিডি শাখার অফিসারবৃন্দ		
	(ক) এয়ার কমডোর ও তদূর্ধ্ব	৫,০০০ মাসিক	১২,০০০ মাসিক
	(খ) গ্রুপ ক্যাপ্টেন ও তদনিম্ন	৪,০০০ মাসিক	১০,০০০ মাসিক
	(গ) গ্লাইডার প্রশিক্ষক	১,০০০ মাসিক	২,০০০ মাসিক
৬।	বিশেষজ্ঞ বেতন (এএমসি/ এডিসি অফিসার/সামরিক বাহিনীর সকল চিকিৎসক কর্মকর্তা)		
	(১) মেজর জেনারেল সমতুল্যগণ ও তদূর্ধ্ব	২,২০৯ মাসিক	২,৪৩০ মাসিক
	(২) ব্রিগেডিয়ার জেনারেল এবং সমতুল্যগণ	২,০০০ মাসিক	২,২০০ মাসিক
	(৩) কর্নেল এবং সমতুল্যগণ	১,৮০২ মাসিক	১,৯৮২ মাসিক
	(৪) লেঃ কর্নেল এবং সমতুল্যগণ	১,৬০৪ মাসিক	১,৭৬৪ মাসিক
	(৫) মেজর এবং সমতুল্যগণ	১,২০৯ মাসিক	১,৩৩০ মাসিক
	(৬) ক্যাপ্টেন এবং সমতুল্যগণ	৮০৩ মাসিক	৮৮৩ মাসিক
	নোট: এএফআইপি-এর কমান্ড্যান্ট ও ডেপুটি কমান্ড্যান্ট ব্যতীত যদি তাহারা কখনো কমান্ড/স্টাফ/প্রশিক্ষক হিসাবে নিযুক্ত হন তবে এই বিশেষজ্ঞ বেতন প্রাপ্য হইবেন না।		
৭।	**বিশেষ বেতন—রাষ্ট্রপতি/ প্রধানমন্ত্রী/সুপ্রিম কমান্ডার (সি-ইন-সি)/ বাহিনী প্রধান/ জিওসি/এরিয়া কমান্ডার/নৌ প্রশাসনিক কর্তৃপক্ষ/এয়ার অধিনায়কের এর এডিসি/এমএ/অ্যাডিশনাল এমএ/ডেপুটি এমএ এনএ/ডিএনএ টু সিএনএস/ফ্লাগ লেঃ/এপিএস/পিএস/স্টাফ অফিসার/সমন্বয়কারী অফিসার/ সহকারী সচিব/ সচিব**		
	(১) ব্রিগেডিয়ার জেনারেল ও সমতুল্যগণ	২,০০০ মাসিক	২,২০০ মাসিক
	(২) কর্নেল ও সমতুল্যগণ	১,৯৭৫ মাসিক	২,১৭২ মাসিক
	(৩) লেঃ কর্নেল এবং সমতুল্যগণ	১,৬০৪ মাসিক	১,৭৬৪ মাসিক
	(৪) মেজর এবং সমতুল্যগণ	১,২০৯ মাসিক	১,৩৩০ মাসিক
	(৫) ক্যাপ্টেন এবং সমতুল্যগণ	৮০৩ মাসিক	৮৮৩ মাসিক
৮।	**জরিপ বেতন-নৌবাহিনী অফিসার**		
	(১) প্রথম শ্রেণি	১,২০৯ মাসিক	১,৩৩০ মাসিক
	(২) দ্বিতীয় শ্রেণি	৮০৩ মাসিক	৮৮৩ মাসিক
	(৩) তৃতীয় শ্রেণি	৪০৬ মাসিক	৪৪৭ মাসিক
	(৪) চতুর্থ শ্রেণি	৩০৮ মাসিক	৩৩৯ মাসিক

সীমিত

১২

৯। আয়কর। আয়করের আওতাভুক্ত সকল অফিসার বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়সহ মোট আয় নিরূপণ ও নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধপূর্বক যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করিবেন।

১০। **অনলাইনে বেতন নির্ধারণ। কমিশন্ড অফিসার ও এএফএনএস অফিসারগণের জন্য অনলাইনে বেতন নির্ধারণ পদ্ধতি:**

(১) জেএসআই-০১/২০২৬ জারি হইবার পর সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (নেভি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (বিমান), এবং এফসি (আর্মি) পে-১ অফিস এর অডিটর আইবাস++ সিস্টেমে লগ ইন করিয়া Pay Fixation অপশনে সংশ্লিষ্ট বাহিনীর কমিশন্ড অফিসার ও এএফএনএস অফিসার এর নিবন্ধিত জাতীয় পরিচয়পত্র নম্বর এন্ট্রি করিয়া সংশ্লিষ্ট কর্মকর্তার বেতন নির্ধারণের জন্য নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য পূরণ করিবেন এবং আইবাস++ এ প্রদত্ত অনলাইন সিস্টেমে বেতন নির্ধারণী বিবরণী দাখিল করিবেন। বেতন নির্ধারণী বিবরণী দাখিল করিবার সঙ্গে সঙ্গে "বেতন নির্ধারণী বিবরণী সফলভাবে দাখিল হইয়াছে" মর্মে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট কর্মকর্তার মোবাইলে একটি এসএমএস প্রেরিত হইবে।

(২) সশস্ত্র বাহিনীর কোনও কমিশন্ড অফিসার/এএফএনএস অফিসার এর জাতীয় পরিচয়পত্র না থাকিলে, বেতন নির্ধারণের পূর্বে জাতীয় পরিচয়পত্রের জন্য নিবন্ধন সম্পন্ন করিতে হইবে, একইভাবে, কোনও কমিশন্ড অফিসার ও এএফএনএস অফিসারের জাতীয় পরিচয়পত্রের জন্ম তারিখ তাঁহার চাকরির রেকর্ডের জন্ম তারিখ হইতে ভিন্ন হইলে বেতন নির্ধারণের পূর্বে আবশ্যিকভাবে চাকরির রেকর্ডে উল্লিখিত জন্মতারিখের ভিত্তিতে জাতীয় পরিচয়পত্র সংশোধন করিতে হইবে।

(৩) নির্ধারিত ছকে সঠিকভাবে তথ্যাদি এন্ট্রি করিবার পর সুপারিনটেনডেন্ট এর বরাবরে সাবমিশনের পূর্বেই স্বয়ংক্রিয়ভাবে নতুন বেতনস্কেলে সংশ্লিষ্ট কর্মকর্তার নির্ধারণযোগ্য মূল বেতনের পরিমাণ প্রদর্শিত হইবে।

(৪) অডিটর কর্তৃক দাখিলকৃত বেতন নির্ধারণী বিবরণী সুপারিনটেনডেন্ট কর্তৃক যাচাই করিবেন। যাচাই করিবার পর বেতন নির্ধারণী বিবরণী অনুমোদনের জন্য এএফসি/ডিএএফসি এর বরাবর ফরওয়ার্ড করিবেন।

(৫) এএফসি/ডিএএফসি কর্তৃক বেতন নির্ধারণী বিবরণী অনুমোদনের পর স্বয়ংক্রিয়ভাবে ভেরিফিকেশন নম্বর জেনারেট হইবে এবং বেতন নির্ধারণী বিবরণীতে এসএফসি/এফসি অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মচারীর ম্যানুয়াল স্বাক্ষর এর প্রয়োজন হইবে না।

(৬) এসএফসি (নেভি)/ এসএফসি (বিমান)/ এফসি অফিসের দায়িত্বপ্রাপ্ত এএফসি/ ডিএএফসি কর্তৃক অনলাইনে বেতন নির্ধারণ অনুমোদনকালে নির্ধারণকৃত বেতন ও ভেরিফিকেশন নম্বর সংশ্লিষ্ট কর্মকর্তার আইআরএলএতে স্বয়ংক্রিয়ভাবে লিপিবদ্ধ হইবে।

(৭) সংশ্লিষ্ট এসএফসি/এফসি অফিস চূড়ান্তভাবে নির্ধারিত বেতন বিবরণী-এর ভিত্তিতে বেতন পরিশোধ করিবেন এবং এই প্রক্রিয়ায় কম বা বেশি বেতন পরিশোধ হইয়া থাকিলে তাহা সমন্বয়যোগ্য হইবে।

১১। জেএসআই ০১/২০২৬ বহির্ভূত বিষয়।

সশস্ত্র বাহিনী সদস্যগণের জন্য সাধারণ ভবিষ্য তহবিলের সর্বনিম্ন চাঁদার হার মূল বেতনের ৫% এবং সর্বোচ্চ হার মূল বেতনের ২৫% নির্ধারণে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-১২-২০১৫ তারিখের এস.আর.ও. নং ৩৭৭-আইন/২০১৫ প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে, যাহা সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

সীমিত

১৩

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র- ক

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল
সেনাবাহিনীর সকল কমিশন্ড অফিসারবৃন্দ

(আর্মি মেডিক্যাল কোর, আর্মি ডেন্টাল কোর, ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস্ ও ইএমই কোরের ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী সরাসরি ক্যাপ্টেন পদবিতে কমিশন প্রাপ্ত অফিসারবৃন্দ, সিগন্যালস্ কোরে প্রাক কমিশন ইলেক্ট্রনিক্স-এ এমএসসি ডিগ্রিধারী, আর্মি এডুকেশন কোর, জেএজি বিভাগ, আরভিএন্ডএফসি ও মনোবিজ্ঞানী হিসাবে সরাসরি লেঃ পদবিতে কমিশনপ্রাপ্ত অফিসারবৃন্দ এবং এএফএনএস অফিসার ব্যতীত)

১। ২লেঃ হইতে ব্রিগেডিয়ার জেনারেল পদবি পর্যন্ত মূল বেতন **(টাকা প্রতিমাসে)**

চাকরির বর্ষ	২লেঃ	লেঃ	ক্যাপ্টেন	মেজর	লেঃ কর্নেল	কর্নেল	ব্রিগেডিয়ার জেনারেল
১ম বর্ষ	*৪৬২০০	*৪৮৩০০					
২য় বর্ষ	**৪৮৬০০	৫০৮০০					
৩য় বর্ষ		৫৩৩০০					
৪র্থ বর্ষ		৫৬০০০	*৫৮০০০				
৫ম বর্ষ		**৫৮৮০০	৬০৯০০				
৬ষ্ঠ বর্ষ			৬৪০০০				
৭ম বর্ষ			৬৭২০০				
৮ম বর্ষ			৭০৫০০				
৯ম বর্ষ			৭৪১০০	*৮৬০০০			
১০ম বর্ষ			৭৭৮০০	৮৯৫০০			
১১শ বর্ষ			৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
১২শ বর্ষ			৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১৩শ বর্ষ			**৯০০০০	১০০৭০০	১০৭২০০		
১৪শ বর্ষ				১০৪৭০০	১১০৯০০	* ১১৩০০০	
১৫শ বর্ষ				১০৮৯০০	১১৪৮০০	১১৭০০০	
১৬শ বর্ষ				১১৩২০০	১১৮৮০০	১২১১০০	
১৭শ বর্ষ				১১৭৭০০	১২৩০০০	১২৫৩০০	* ১৩২০০০

সীমিত

১৪

চাকরির বর্ষ	২লেঃ	লেঃ	ক্যাপ্টেন	মেজর	লেঃ কর্নেল	কর্নেল	ব্রিগেডিয়ার জেনারেল
১৮শ বর্ষ				১২২৫০০	১২৭৩০০	১২৯৭০০	১৩৫৭০০
১৯শ বর্ষ				১২৭৪০০	১৩১৭০০	১৩৪৩০০	১৩৯৪০০
২০শ বর্ষ				১৩২৪০০	১৩৬৩০০	১৩৯০০০	১৪৩২০০
২১শ বর্ষ				**১৩৯৭০০	**১৪২৪০০	১৪৩৮০০	১৪৭২০০
২২শ বর্ষ						**১৪৮৮০০	১৫১২০০
২৩শ বর্ষ							**১৫৩০০০

*** সর্বনিম্ন মূল বেতন, ** সর্বোচ্চ মূল বেতন**

২।	**মেজর জেনারেল**	:	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	**লেফটেন্যান্ট জেনারেল**	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
৪।	**সেনাবাহিনী প্রধান**	:	
	ক। লেফটেন্যান্ট জেনারেল	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
	খ। জেনারেল	:	১,৭২,০০০ (নির্ধারিত)

সীমিত

১৫

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র- খ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল

আর্মি মেডিক্যাল কোর, আর্মি ডেন্টাল কোর, ইঞ্জিনিয়ার্স, সিগন্যালস ও ইএমই কোরের ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী সরাসরি ক্যাপ্টেন পদবিতে কমিশন প্রাপ্ত অফিসারবৃন্দ (নৌবাহিনী এবং বিমানবাহিনীতে সেকেন্ডেড অফিসারসহ)

১। ক্যাপ্টেন হইতে ব্রিগেডিয়ার জেনারেল পদবি পর্যন্ত মূল বেতন (টাকা প্রতিমাসে)

চাকরির বর্ষ	ক্যাপ্টেন	মেজর	লেঃ কর্নেল	কর্নেল	ব্রিগেডিয়ার জেনারেল
১ম বর্ষ	*৫৮০০০				
২য় বর্ষ	৬০৯০০				
৩য় বর্ষ	৬৪০০০				
৪র্থ বর্ষ	৬৭২০০				
৫ম বর্ষ	৭০৫০০				
৬ষ্ঠ বর্ষ	৭৪১০০	*৮৬০০০			
৭ম বর্ষ	৭৭৮০০	৮৯৫০০			
৮ম বর্ষ	৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
৯ম বর্ষ	৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১০ম বর্ষ	**৯০০০০	১০০৭০০	১০৭২০০		
১১শ বর্ষ		১০৪৭০০	১১০৯০০	*১১৩০০০	
১২ম বর্ষ		১০৮৯০০	১১৪৮০০	১১৭০০০	
১৩শ বর্ষ		১১৩২০০	১১৮৮০০	১২১১০০	
১৪শ বর্ষ		১১৭৭০০	১২৩০০০	১২৫৩০০	*১৩২০০০
১৫শ বর্ষ		১২২৫০০	১২৭৩০০	১২৯৭০০	১৩৫৭০০
১৬শ বর্ষ		১২৭৪০০	১৩১৭০০	১৩৪৩০০	১৩৯৪০০
১৭শ বর্ষ		১৩২৪০০	১৩৬৩০০	১৩৯০০০	১৪৩২০০
১৮শ বর্ষ		**১৩৯৭০০	**১৪২৪০০	১৪৩৮০০	১৪৭২০০
১৯শ বর্ষ				**১৪৮৮০০	১৫১২০০
২০শ বর্ষ					**১৫৩০০০
২১শ বর্ষ					
২২শ বর্ষ					

***সর্বনিম্ন মূল বেতন, **সর্বোচ্চ মূল বেতন**

২।	**মেজর জেনারেল :**	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	**লেফটেন্যান্ট জেনারেল:**	১,৬৪,০০০ (নির্ধারিত)

সীমিত

১৬

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র-গ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল

সিগন্যালস কোরে প্রাক কমিশন ইলেক্ট্রনিক্স-এ এমএসসি ডিগ্রীধারী, আর্মি এডুকেশন কোর, আর্মি ডেন্টাল কোর , জেএজি বিভাগ, আরভিএফসি ও মনোবিজ্ঞানী হিসাবে সরাসরি লেঃ পদবিতে কমিশনপ্রাপ্ত অফিসারবৃন্দ (নৌবাহিনী এবং বিমানবাহিনীতে সেকেন্ডেড অফিসারসহ)

১। লেঃ হইতে ব্রিগেডিয়ার জেনারেল পদবি পর্যন্ত মূল বেতন **(টাকা প্রতিমাসে)**

চাকরির বর্ষ	লেঃ	ক্যাপ্টেন	মেজর	লেঃ কর্নেল	কর্নেল	ব্রিগেডিয়ার জেনারেল
১ম বর্ষ	*৪৮৩০০					
২য় বর্ষ	৫০৮০০					
৩য় বর্ষ	৫৩৩০০	*৫৮০০০				
৪র্থ বর্ষ	৫৬০০০	৬০৯০০				
৫ম বর্ষ	**৫৮৮০০	৬৪০০০				
৬ষ্ঠ বর্ষ		৬৭২০০				
৭ম বর্ষ		৭০৫০০				
৮ম বর্ষ		৭৪১০০	*৮৬০০০			
৯ম বর্ষ		৭৭৮০০	৮৯৫০০			
১০ম বর্ষ		৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
১১শ বর্ষ		৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১২শ বর্ষ		**৯০০০০	১০০৭০০	১০৭২০০	* ১১৩০০০	
১৩শ বর্ষ			১০৪৭০০	১১০৯০০	১১৭০০০	
১৪শ বর্ষ			১০৮৯০০	১১৪৮০০	১২১১০০	
১৫শ বর্ষ			১১৩২০০	১১৮৮০০	১২৫৩০০	*১৩২০০০
১৬শ বর্ষ			১১৭৭০০	১২৩০০০	১২৯৭০০	১৩৫৭০০
১৭শ বর্ষ			১২২৫০০	১২৭৩০০	১৩৪৩০০	১৩৯৪০০
১৮শ বর্ষ			১২৭৪০০	১৩১৭০০	১৩৯০০০	১৪৩২০০
১৯শ বর্ষ			১৩২৪০০	১৩৬৩০০	১৪৩৮০০	১৪৭২০০
২০শ বর্ষ			**১৩৯৭০০	**১৪২৪০০	**১৪৮৮০০	১৫১২০০
২১শ বর্ষ						**১৫৩০০০
২২শ বর্ষ						
২৩শ বর্ষ						

*** সর্বনিম্ন মূল বেতন, ** সর্বোচ্চ মূল বেতন**

২।	**মেজর জেনারেল :**	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	**লেফটেন্যান্ট জেনারেল:**	১,৬৪,০০০ (নির্ধারিত)

সীমিত

১৭

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র-ঘ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল

নৌবাহিনীর কমিশন্ড অফিসারবৃন্দ (সংরক্ষিত অফিসারসহ)

১। এ্যাক্টিং সাব লেঃ হইতে কমডোর পদবি পর্যন্ত মূল বেতন (টাকা প্রতিমাসে)

চাকরির বর্ষ	এ্যাক্টিং সাব লেঃ	সাব লেঃ	লেঃ	লেঃ কমান্ডার	কমান্ডার	ক্যাপ্টেন	কমডোর
১ম বর্ষ	*৪৬২০০	*৪৮৩০০					
২য় বর্ষ	**৪৮৬০০	৫০৮০০					
৩য় বর্ষ		৫৩৩০০					
৪র্থ বর্ষ		৫৬০০০	*৫৮০০০				
৫ম বর্ষ		**৫৮৮০০	৬০৯০০				
৬ষ্ঠ বর্ষ			৬৪০০০				
৭ম বর্ষ			৬৭২০০				
৮ম বর্ষ			৭০৫০০				
৯ম বর্ষ			৭৪১০০	*৮৬০০০			
১০ম বর্ষ			৭৭৮০০	৮৯৫০০			
১১শ বর্ষ			৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
১২শ বর্ষ			৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১৩শ বর্ষ			**৯০০০০	১০০৭০০	১০৭২০০		
১৪শ বর্ষ				১০৪৭০০	১১০৯০০	* ১১৩০০০	
১৫শ বর্ষ				১০৮৯০০	১১৪৮০০	১১৭০০০	
১৬শ বর্ষ				১১৩২০০	১১৮৮০০	১২১১০০	
১৭শ বর্ষ				১১৭৭০০	১২৩০০০	১২৫৩০০	*১৩২০০০
১৮শ বর্ষ				১২২৫০০	১২৭৩০০	১২৯৭০০	১৩৫৭০০
১৯শ বর্ষ				১২৭৪০০	১৩১৭০০	১৩৪৩০০	১৩৯৪০০
২০শ বর্ষ				১৩২৪০০	১৩৬৩০০	১৩৯০০০	১৪৩২০০

সীমিত

১৮

চাকরির বর্ষ	এ্যাক্টিং সাব লেঃ	সাব লেঃ	লেঃ	লেঃ কমান্ডার	কমান্ডার	ক্যাপ্টেন	কমডোর
২১শ বর্ষ				**১৩৯৭০০	**১৪২৪০০	১৪৩৮০০	১৪৭২০০
২২শ বর্ষ						**১৪৮৮০০	১৫১২০০
২৩শ বর্ষ							**১৫৩০০০

*** সর্বনিম্ন মূল বেতন, ** সর্বোচ্চ মূল বেতন**

২।	রিয়ার এ্যাডমিরাল	:	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	ভাইস এ্যাডমিরাল	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
৪।	নৌবাহিনী প্রধান	:	
	ক। ভাইস এ্যাডমিরাল	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
	খ। এ্যাডমিরাল	:	১,৭২,০০০ (নির্ধারিত)

সীমিত

১৯

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র- ঙ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল
বিমানবাহিনীর জেনারেল ডিউটি শাখার কমিশন্ড অফিসারবৃন্দ

১। পাইলট অফিসার হইতে এয়ার কমডোর পদবি পর্যন্ত মূল বেতন **(টাকা প্রতিমাসে)**

চাকরির বর্ষ	পাইলট অফিসার	ফ্লাইং অফিসার	ফ্লাইট লেফটেন্যান্ট	স্কোয়াড্রন লিডার	উইং কমান্ডার	গ্রুপ ক্যাপ্টেন	এয়ার কমডোর
১ম বর্ষ	*৪৬২০০	*৪৮৩০০					
২য় বর্ষ	**৪৮৬০০	৫০৮০০					
৩য় বর্ষ		৫৩৩০০					
৪র্থ বর্ষ		৫৬০০০	*৫৮০০০				
৫ম বর্ষ		**৫৮৮০০	৬০৯০০				
৬ষ্ঠ বর্ষ			৬৪০০০				
৭ম বর্ষ			৬৭২০০				
৮ম বর্ষ			৭০৫০০				
৯ম বর্ষ			৭৪১০০	*৮৬০০০			
১০ম বর্ষ			৭৭৮০০	৮৯৫০০			
১১শ বর্ষ			৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
১২শ বর্ষ			৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১৩শ বর্ষ			**৯০০০০	১০০৭০০	১০৭২০০		
১৪শ বর্ষ				১০৪৭০০	১১০৯০০	*১১৩০০০	
১৫শ বর্ষ				১০৮৯০০	১১৪৮০০	১১৭০০০	
১৬শ বর্ষ				১১৩২০০	১১৮৮০০	১২১১০০	
১৭শ বর্ষ				১১৭৭০০	১২৩০০০	১২৫৩০০	*১৩২০০০
১৮শ বর্ষ				১২২৫০০	১২৭৩০০	১২৯৭০০	১৩৫৭০০
১৯শ বর্ষ				১২৭৪০০	১৩১৭০০	১৩৪৩০০	১৩৯৪০০
২০শ বর্ষ				১৩২৪০০	১৩৬৩০০	১৩৯০০০	১৪৩২০০
২১শ বর্ষ				**১৩৯৭০০	**১৪২৪০০	১৪৩৮০০	১৪৭২০০
২২শ বর্ষ						**১৪৮৮০০	১৫১২০০
২৩শ বর্ষ							**১৫৩০০০

***সর্বনিম্ন মূল বেতন, **সর্বোচ্চ মূল বেতন**

২।	**এয়ার ভাইস মার্শাল**	:	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	**এয়ার মার্শাল**	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
৪।	**বিমানবাহিনী প্রধান**	:	
	ক। এয়ার মার্শাল	:	১,৬৪,০০০ (নির্ধারিত)
	খ। এয়ার চিফ মার্শাল	:	১,৭২,০০০ (নির্ধারিত)

সীমিত

২০

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র- চ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল
বিমানবাহিনীর গ্রাউন্ড ডিউটি শাখার কমিশন্ড অফিসারবৃন্দ

১। পাইলট অফিসার হইতে এয়ার কমডোর পদবি পর্যন্ত মূল বেতন **(টাকা প্রতিমাসে)**

চাকরির বর্ষ	পাইলট অফিসার	ফ্লাইং অফিসার	ফ্লাইট লেফটেন্যান্ট	স্কোয়াড্রন লিডার	উইং কমান্ডার	গ্রুপ ক্যাপ্টেন	এয়ার কমডোর
১ম বর্ষ	*৪৬২০০	*৪৮৩০০					
২য় বর্ষ	**৪৮৬০০	৫০৮০০					
৩য় বর্ষ		৫৩৩০০					
৪র্থ বর্ষ		৫৬০০০	*৫৮০০০				
৫ম বর্ষ		**৫৮৮০০	৬০৯০০				
৬ষ্ঠ বর্ষ			৬৪০০০				
৭ম বর্ষ			৬৭২০০				
৮ম বর্ষ			৭০৫০০				
৯ম বর্ষ			৭৪১০০	*৮৬০০০			
১০ম বর্ষ			৭৭৮০০	৮৯৫০০			
১১শ বর্ষ			৮১৭০০	৯৩১০০	*১০০০০০		
১২শ বর্ষ			৮৫৭০০	৯৬৮০০	১০৩৫০০		
১৩শ বর্ষ			**৯০০০০	১০০৭০০	১০৭২০০		
১৪শ বর্ষ				১০৪৭০০	১১০৯০০	* ১১৩০০০	
১৫শ বর্ষ				১০৮৯০০	১১৪৮০০	১১৭০০০	
১৬শ বর্ষ				১১৩২০০	১১৮৮০০	১২১১০০	
১৭শ বর্ষ				১১৭৭০০	১২৩০০০	১২৫৩০০	*১৩২০০০
১৮শ বর্ষ				১২২৫০০	১২৭৩০০	১২৯৭০০	১৩৫৭০০
১৯শ বর্ষ				১২৭৪০০	১৩১৭০০	১৩৪৩০০	১৩৯৪০০
২০শ বর্ষ				১৩২৪০০	১৩৬৩০০	১৩৯০০০	১৪৩২০০
২১শ বর্ষ				**১৩৯৭০০	**১৪২৪০০	১৪৩৮০০	১৪৭২০০
২২শ বর্ষ						**১৪৮৮০০	১৫১২০০
২৩শ বর্ষ							**১৫৩০০০

*** সর্বনিম্ন মূল বেতন, ** সর্বোচ্চ মূল বেতন**

২।	**এয়ার ভাইস মার্শাল:**	১,৫৬,০০০ (নির্ধারিত)
৩।	**এয়ার মার্শাল:**	১,৬৪,০০০ (নির্ধারিত)

সীমিত

২১

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র-ছ

সশস্ত্র বাহিনীর বেতনস্কেল
আর্মড ফোর্সেস নার্সিং সার্ভিস (এএফএনএস) এর অফিসারবৃন্দ

লেঃ হইতে কর্নেল পদবি পর্যন্ত মূল বেতন **(টাকা প্রতিমাসে)**

চাকরির বর্ষ	লেঃ	ক্যাপ্টেন	মেজর	লেঃ কর্নেল	কর্নেল
১ম বর্ষ	*৪৬২০০				
২য় বর্ষ	৪৮৬০০	*৪৮৩০০			
৩য় বর্ষ	৫০৯০০	৫০৮০০			
৪র্থ বর্ষ	৫৩৫০০	৫৩৩০০			
৫ম বর্ষ	৫৬২০০	৫৬০০০	*৫৮০০০		
৬ষ্ঠ বর্ষ	**৫৯০০০	৫৮৮০০	৬০৯০০		
৭ম বর্ষ		৬১৭০০	৬৪০০০		
৮ম বর্ষ		৬৪৮০০	৬৭২০০		
৯ম বর্ষ		৬৮০০০	৭০৫০০		
১০ম বর্ষ		৭১৪০০	৭৪১০০		
১১শ বর্ষ		৭৫০০০	৭৭৮০০	*৮৬০০০	
১২শ বর্ষ		**৭৮৭০০	৮১৭০০	৮৯৫০০	
১৩শ বর্ষ			৮৫৭০০	৯৩১০০	*১০০০০০
১৪শ বর্ষ			৯০০০০	৯৬৮০০	১০৩৫০০
১৫শ বর্ষ			৯৪৫০০	১০০৭০০	১০৭২০০
১৬শ বর্ষ			৯৯২০০	১০৪৭০০	১১০৯০০
১৭শ বর্ষ			১০৪২০০	১০৮৯০০	১১৪৮০০
১৮শ বর্ষ			**১০৯৪০০	১১৩২০০	১১৮৮০০
১৯শ বর্ষ				১১৭৭০০	১২৩০০০
২০শ বর্ষ				**১২২৫০০	**১২৭৩০০
২১শ বর্ষ					
২২শ বর্ষ					
২৩শ বর্ষ					
২৪শ বর্ষ					
২৫শ বর্ষ					

*** সর্বনিম্ন মূল বেতন, ** সর্বোচ্চ মূল বেতন**

সীমিত

২২

জেএসআই-০১/২০২৬
অধ্যায়-১
ক্রোড়পত্র-জ

বেতনস্কেল- অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেটগণের বেতন (নির্ধারিত)

(টাকা প্রতিমাসে)

ক্রমিক নম্বর	পদবি	বর্তমান পরিমাণ	জেএসআই ০১/২০২৬ এ প্রযোজ্য পরিমাণ (নির্ধারিত)
১।	**সেনাবাহিনী**		
	ক। অফিসার ক্যাডেট (বিবাহিত/অবিবাহিত)	১০,০০০	২৩,০০০
২।	**নৌবাহিনী**		
	ক। অফিসার ক্যাডেট (বিবাহিত/অবিবাহিত)	১০,০০০	২৩,০০০
	খ। মিডশীপম্যান (বিবাহিত/অবিবাহিত)	১০,৫০০	২৩,৮০০
৩।	**বিমানবাহিনী**		
	ক। অফিসার ক্যাডেট/ফ্লাইট ক্যাডেট (বিবাহিত/অবিবাহিত)	১০,০০০	২৩,০০০
৪।	**এএফএনএস ক্যাডেট**	৯,৫০০	২২,৪০০
৫।	সার্ভিস ক্যাডেট- তিন বাহিনীর জেসিও/ওআর এবং সমতুল্যগণ কমিশনের জন্য সংশ্লিষ্ট একাডেমিতে যোগদানের পূর্বে যে বেতন ভাতা পাওয়ার অধিকারী ছিলেন তাহা পূর্ণহারে প্রদান অব্যাহত থাকিবে।		

সীমিত

২৩

অধ্যায়-২

সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্য ব্যক্তিবর্গের মূল বেতন এবং বেতন উপাদান

১। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত জেএসআই ০১/২০২৬ এর মাধ্যমে সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্য ব্যক্তিবর্গের জন্য মূল বেতন এবং বেতন উপাদান নির্ধারণ এ অধ্যায়ের নিম্নোক্ত ক্রোড়পত্র হিসাবে সংযোজন করা হইল:

১।	সেনাবাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, রিক্রুট এবং এনসি(ই)	ক্রোড়পত্র 'ক'
২।	নৌবাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, এমসিপিও, এসসিপিও, সিপিও, পিও, নাবিক এবং রিক্রুট	ক্রোড়পত্র 'খ'
৩।	বিমানবাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, মাস্টার ওয়ারেন্ট অফিসার, সিনিয়র ওয়ারেন্ট অফিসার, ওয়ারেন্ট অফিসার, এনসিও, এয়ারম্যান এবং রিক্রুট/এসি-২	ক্রোড়পত্র 'গ'
৪।	এমওডিসি ব্যক্তিবর্গ	ক্রোড়পত্র 'ঘ'

২। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণ। বেতন নির্ধারণের পদ্ধতি নিম্নরূপ হইবে, যথা:—

ক। অনারারি কমিশন্ড অফিসার। ০১ জুলাই ২০২৬ তারিখে সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসারগণের বেতন জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট পদবির জন্য নির্ধারিত বেতন অনুযায়ী নির্ধারিত হইবে।

খ। জেসিও, সার্জেন্ট ও সমতুল্য এবং তদনিম্ন ও এমওডিসি ব্যক্তিবর্গের মূল বেতন নির্ধারণ।

জেসিও, সার্জেন্ট ও সমতুল্য এবং তদনিম্ন ও এমওডিসি ব্যক্তিবর্গের মূল বেতন নির্ধারণের পদ্ধতি নিম্নরূপঃ

(১) জেএসআই ০১/২০১৬ এর কোনো স্কেলের প্রারম্ভিক ধাপে মূল বেতন আহরণকারী কোনো সশস্ত্র বাহিনীর সদস্যের মূল বেতন জেএসআই ০১/২০২৬ এর অনুরূপ স্কেলের প্রারম্ভিক ধাপেই নির্ধারিত হইবে;

(২) যদি কোনো সদস্যের মূল বেতন, জেএসআই ০১/২০১৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপের উচ্চতর হয়, তবে প্রথমত উভয় ধাপের (জেএসআই ০১/২০১৬ অনুযায়ী সংশ্লিষ্ট প্রারম্ভিক ধাপ ও ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত ধাপ) মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। এরপর নির্ণীত পার্থক্য জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপের সাথে যোগ করিতে হইবে এবং এই যোগফল যদি—

(অ) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের কোনো ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে;

(আ) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের ঐ অঙ্কের সমান কোনো ধাপ না থাকে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে;

(৩) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলে মূল বেতন নির্ধারণের পর ০১ জুলাই ২০২৬ তারিখে একটি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) প্রদেয় হইবে।

উদাহরণ ১: একজন ওয়ারেন্ট অফিসারের মূল বেতন নির্ধারণ।

৩০-০৬-২০২৬ তারিখে একজন ওয়ারেন্ট অফিসার ২২০০০-৪৮১২০ টাকা বর্তমান বেতনস্কেলের প্রারম্ভিক ধাপে অর্থাৎ ২২০০০ টাকা মূল বেতন আহরণ করিতেন। এইক্ষেত্রে ০১-০৭-২০২৬ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৪৪০০০-৯৬১০০ টাকার বেতনস্কেলের প্রারম্ভিক ধাপ অর্থাৎ ৪৪০০০ টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে এবং এই অধ্যায়ের ১৩ অনুচ্ছেদের বিধান সাপেক্ষে প্রযোজ্য ক্ষেত্রে একটি বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা প্রদেয় হইবে।

উদাহরণ ২: একজন সার্জেন্ট এর মূল বেতন নির্ধারণ।

৩০-০৬-২০২৬ তারিখে একজন সার্জেন্ট ১৬০০০-৩৮৬৪০ টাকার স্কেলে ২৬১২০ টাকা মূল বেতন আহরণ করিতেন। এইক্ষেত্রে ০১-০৭-২০২৬ তারিখে ঐ স্কেলের অনুরূপ স্কেল হিসাবে ৩২০০০-৭৭৩০০ টাকার স্কেলে তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে **৪২৯০০** টাকা।

ব্যাখ্যাঃ

জেএসআই ০১/২০১৬ অনুযায়ী প্রাপ্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের মূল বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় (২৬১২০-১৬০০০)টাকা = ১০১২০ টাকা। অতঃপর, জেএসআই ০১/২০২৬ অনুযায়ী প্রারম্ভিক ধাপের সহিত উক্ত পার্থক্যের পরিমাণ যোগ করিলে (৩২০০০+১০১২০)=৪২১২০ টাকা হয়, যাহা জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ৩২০০০-৩৩৬০০-৩৫৩০০-৩৭১০০-৩৮৯০০-৪০৯০০-**৪২৯০০**-৪৫১০০-৪৭৩০০-৪৯৭০০-৫২২০০-৫৪৮০০-৫৭৫০০-৬০৪০০ -৬৩৪০০-৬৬৬০০-৬৯৯০০-৭৩৪০০-৭৭৩০০ টাকার স্কেলে অনুরূপ ধাপের সমান না হওয়ায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ, **৪২৯০০** টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

৩। যদি কোনো ব্যক্তির বর্তমান বেতন (জেএসআই ০১/২০১৬ অনুযায়ী ব্যক্তিগত বেতনসহ প্রযোজ্যতা মোতাবেক) জেএসআই ০১/২০২৬ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয়, তাহা হইলে জেএসআই ০১/২০২৬ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ সীমায় তাঁহার বেতন নির্ধারণ করিয়া বর্তমান বেতন (জেএসআই ০১/২০১৬) এবং জেএসআই ০১/২০২৬ এর অনুরূপ স্কেলের সর্বোচ্চ বেতনের মধ্যে যে পার্থক্য থাকিবে, উহা তাহাকে ব্যক্তিগত বেতন হিসাবে প্রদেয় হইবে।

৪। জেএসআই ০১/২০২৬ কার্যকর হইবার পূর্বে অর্থাৎ ০১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে পদোন্নতিপ্রাপ্ত কোনো ব্যক্তি জেএসআই ০১/২০২৬ এর নির্ধারিত বেতন, যদি তিনি পদোন্নতি না পাইতেন তাহা হইলে নিম্নতর পদের বেতন স্কেল, উচ্চতর স্কেল (টাইমস্কেল) বা ব্যক্তিগত বেতনের ভিত্তিতে জেএসআই ০১/২০২৬ এ তাঁহার যে বেতন নির্ধারিত হইতো, তাহা অপেক্ষা কম হয় তবে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বেতন ০১ জুলাই ২০২৬ তারিখে জেএসআই ০১/২০২৬ এ প্রথমে অব্যবহিত নিম্নপদের ভিত্তিতে নির্ধারিত হইবে এবং উক্তরূপে নির্ধারিত বেতন যদি পদোন্নতিপ্রাপ্ত পদের সংশ্লিষ্ট জেএসআই ০১/২০২৬ এর কোনো ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই তাঁহার বেতন নির্ধারিত হইবে। যদি জেএসআই ০১/২০২৬ এর সমান কোনো ধাপ না থাকে, তাহা হইলে উহার পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারিত হইবে।

সীমিত

২৫

৫। ০১ জুলাই, ২০২৬ তারিখে যে ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার বেতন, জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করিতে হইবে।

৬। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে যে সকল ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে রহিয়াছেন, তাঁহারা অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকিবার সময় ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বিশেষ সুবিধা অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রাপ্য হইতে থাকিবেন।

৭। ৩০ জুন, ২০২৬ তারিখে যে ব্যক্তির অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষ হইবে এবং ০১ জুলাই, ২০২৬ তারিখে অবসরে যাইবেন, তিনি ০১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

৮। প্রথম নিয়োগ প্রাপ্তিতে মূল বেতন নির্ধারণ।

ক। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে প্রথম নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তির বেতন জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপে নির্ধারণ করিতে হইবে;

খ। সার্জেন্ট ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর সদস্যগণের ক্ষেত্রে ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত নবনিয়োগপ্রাপ্তের ক্ষেত্রে তাঁহার মূল বেতন তিনি ৩০ জুন ২০২৬ তারিখে উক্ত পদে যোগদান করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যেই মূল বেতন আহরণ করিতেন, উহার সহিত শুধু মূল বেতন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ১/২০২৬ তে বর্ণিত একই পদবির জন্য নির্ধারিত প্রারম্ভিক মূল বেতন এবং জেএসআই ০১/২০১৬ তে একই পদবির জন্য প্রাপ্য প্রারম্ভিক মূল বেতনের পার্থক্য) ৫০ শতাংশ ০১ জুলাই ২০২৬ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত এবং ৭৫ শতাংশ ০১ জানুয়ারি ২০২৭ হইতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে প্রদেয় হইবে। ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে। এই অধ্যায়ের অধীন জেসিও ও তদূর্ধ্ব পদবি ও সমতুল্যগণ অধ্যায় ০১ এর ৩(খ) অনুচ্ছেদ অনুসারে প্রযোজ্য মূল বেতন প্রাপ্য হইবেন।

গ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে বিদ্যমান "বিশেষ সুবিধা" অবলুপ্ত হইয়াছে মর্মে গণ্য হইবে। তবে ১ জুলাই ২০২৬ তারিখ হইতে এই নির্দেশাবলি অনুযায়ী বেতন প্রাপ্তির পূর্ব মাস পর্যন্ত বিশেষ সুবিধা বাবদ আহরিত অর্থ প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে। বেতন উপাদানসহ অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০২৬ তারিখে নিয়োগ হইলে যেই হার/পরিমাণে প্রাপ্য হইতেন সেই হার/পরিমাণে ৩১ ডিসেম্বর, ২০২৭ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

৯। পদোন্নতিতে বেতন নির্ধারণ। পদোন্নতিতে বেতন নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা:—

ক। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে যাহারা উচ্চতর বেতনস্কেলের পদে পদোন্নতি প্রাপ্য হইবেন, তাহাদের বেতন প্রথমে নিম্নপদে নির্ধারণের পর পদোন্নতিপ্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী নির্ধারণ করিতে হইবে। অনারারি কমিশন্ড অফিসার পদবিতে পদোন্নতির পূর্বে কোনো সদস্যের সর্বশেষ আহরিত মূল বেতন উল্লিখিত পদের নির্ধারিত বেতন অপেক্ষা যদি বেশি হয়, তবে উক্ত পদোন্নতিপ্রাপ্ত অনারারি পদে তাঁহার বেতন (নির্ধারিত) হইবে তাঁহার সর্বশেষ আহরিত মূল বেতনের অতিরিক্ত ৫০০ টাকা (অর্থাৎ, সর্বশেষ আহরিত মূল বেতন+৫০০ টাকা);

সীমিত

২৬

খ। উচ্চতর পদে পদোন্নতি হইলে কোনো ব্যক্তির বর্তমান বেতন (মূল বেতন, ব্যক্তিগত বেতন (Personal Pay) হিসাব করিয়া পদোন্নতিপ্রাপ্ত পদের মূল বেতনস্কেলের যথাযথ ধাপে বেতন নির্ধারিত হইবে। যদি পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন ঐ ব্যক্তির পূর্ববর্তী পদে ইতোমধ্যে গৃহীত বেতনের সমান হয়, তবে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন এক ধাপ উপরে নির্ধারিত হইবে। পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন নির্ধারণের পর নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে পদোন্নতিপ্রাপ্ত পদের জন্য প্রযোজ্য হারে সার্ভিস ওয়ার্দিনেস বেতন (যদি থাকে) প্রদেয় হইবে। যদি পদোন্নতির তারিখ এবং বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ একই হয়, তবে নিম্নপদে বার্ষিক বর্ধিত বেতন প্রদানপূর্বক পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন নির্ধারণ করিতে হইবে;

গ। যদি কোনো ব্যক্তির প্রাপ্ত মূল বেতন ব্যক্তিগত বেতনসহ (Personal Pay) পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেলের সর্বোচ্চ সীমার উর্ধ্বে হয় তাহা হইলে উক্ত ব্যক্তির বেতন পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেলের সর্বোচ্চ সীমায় নির্ধারণ করিয়া অতিরিক্ত অংশটুকু ব্যক্তিগত বেতন হিসাবে প্রদান করিতে হইবে।

১০। উচ্চতর গ্রেডের প্রাপ্যতা।

(১) জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর কোনো সদস্য পদোন্নতি ব্যতিরেকে একই পদে ৮ (আট) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে তাঁহার পদের মূল স্কেলের পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর যেই সকল জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সদস্যের ক্ষেত্রে ১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে চাকরির ৮ (আট) বৎসর পূর্তি হইয়াছে কিন্তু ১০ (দশ) বছর পূর্তি হয় নাই, সেই সকল সশস্ত্র বাহিনীর সদস্য ১ জুলাই ২০২৬ তারিখে উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন।

(২) জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর কোনো সদস্য উপ-অনুচ্ছেদ ১ অনুযায়ী তাঁহার চাকরির ৮ (আট) বৎসর পূর্তিতে উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির পরও পদোন্নতি ব্যতিরেকে একই পদে পরবর্তী ৬ (ছয়) বৎসর কর্মরত থাকিলে প্রথম উচ্চতর গ্রেড প্রাপ্তির তারিখ হইতে ৬ষ্ঠ বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ৭ম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না।

(৩) জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর কোনো সদস্য উপরের উপ-অনুচ্ছেদ ১ ও ২ এ উল্লিখিত আর্থিক সুবিধা একই পদবিতে দুইবারের অধিক প্রাপ্য হইবেন না। অধিকন্তু, জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর কোনো সদস্য পূর্বের বেতনস্কেলসমূহের আওতায় একই পদবিতে দুই বা ততোধিক সিলেকশন গ্রেড/টাইম স্কেল/উচ্চতর গ্রেড (যে নামেই অভিহিত হউক না কেন) পাইয়া থাকিলে উক্ত পদবিতে থাকা অবস্থায় তিনি জেএসআই ০১/২০২৬ অনুসারে উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন না।

(৪) জেসিও ও সমতুল্য এবং তদনিম্ন পদবির সশস্ত্র বাহিনীর কোনো সদস্য একই পদবিতে চাকরিকালীন ৩০ জুন ২০২৬ তারিখ বা উহার পূর্বে যদি একটি মাত্র উচ্চতর স্কেল/উচ্চতর গ্রেড পাইয়া থাকেন, তবে পরবর্তী ৬ (ছয়) বৎসর পূর্তিতে এবং চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে, তিনি ৭ম বৎসরে দ্বিতীয় উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন। এইক্ষেত্রে তিনি বেতন নির্ধারণী সুবিধা ব্যতিরেকে ৩০ জুন ২০২৬ তারিখ বা উহার পূর্বের কোন বকেয়া প্রাপ্য হইবেন না।

সীমিত

২৭

(৫) যে সকল পদ সাংগঠনিক কাঠামোতে ব্লকড (blocked) পদ হিসাবে ঘোষিত এবং যে সকল পদে পদোন্নতির কোনও বিধান নাই, সেই সকল পদে কর্মরত কর্মচারীগণ উপ-অনুচ্ছেদ (১), (২) ও (৪) অনুযায়ী দুইটি উচ্চতর গ্রেড প্রাপ্তির পর সন্তোষজনক চাকরির শর্তে দ্বিতীয় উচ্চতর গ্রেড প্রাপ্তির তারিখ হইতে ০৮ বছর পূর্তিতে স্বয়ংক্রিয়ভাবে ৯ম বৎসরে পরবর্তী (তৃতীয়) উচ্চতর গ্রেড প্রাপ্য হইবেন এবং এই সুবিধা ঐ একই পদে সমগ্র চাকরি জীবনে সর্বমোট তিনবারের বেশি প্রাপ্য হইবেন না, এবং এইরূপ উচ্চতর গ্রেড প্রাপ্তি পদোন্নতি হিসাবে বিবেচনা করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, ০১ জুলাই ২০২৬ তারিখের পূর্বে এইরূপ উচ্চতর গ্রেড প্রদেয় হইবে না।

ব্যাখ্যা।–(ক) **"সন্তোষজনক চাকরি"** বলিতে সশস্ত্র বাহিনীর সদস্যগণের পদোন্নতিসহ প্রযোজ্য ক্ষেত্রে যেইভাবে সন্তোষজনক চাকরি বিদ্যমান বিধিবিধানে অনুসৃত হইয়া থাকে বিবেচ্য উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্তির ক্ষেত্রেও অনুরূপ বিধিবিধান বুঝাইবে; এবং

(খ) **"স্বয়ংক্রিয়"** বলিতে বিভাগীয় পদোন্নতি কমিটি ব্যতিরেকে প্রযোজ্য ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এর অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারির মাধ্যমে উচ্চতর গ্রেড প্রদানের বিষয় নিষ্পত্তি করা বুঝাইবে।

১১। নিম্নপদে পদাবনতি এবং পুনঃপদোন্নতিতে মূল বেতন নির্ধারণ

ক। অযোগ্যতা/অসদাচরণের জন্য কোনো ব্যক্তির যদি নিম্নপদে পদাবনতি ঘটে তবে নিম্নপদের যেই মূল বেতন ধাপে থাকাবস্থায় তাঁহার পদোন্নতি হইয়াছিল ঐ বেতন ধাপে মূল বেতন নির্ধারিত হইবে। অতঃপর উচ্চতর পদে যত সংখ্যক বার্ষিক বর্ধিত বেতন অর্জিত হইয়াছিল তত সংখ্যক বার্ষিক বর্ধিত বেতন নিম্নপদের বেতনস্কেলে যোগ করিতে হইবে;

খ। পুনর্গঠনহেতু অথবা বিনা দোষে অন্যবিধ কারণে যখন কোনো ব্যক্তির নিম্নপদে পদাবনতি ঘটে, তখন তিনি পদাবনতির পূর্বদিনে উচ্চতর পদে যে মূল বেতন পাইতেছিলেন উহাই পাইতে থাকিবেন, যতক্ষণ পর্যন্ত না নিম্নপদের বেতনস্কেল তাঁহার বেতন বেশি সুবিধাজনক হয়;

গ। পুনঃপদোন্নতিপ্রাপ্ত হইলে, জেসিও/অন্যান্য পদবির সৈনিক এবং সমতুল্য ব্যক্তিবর্গের মূল বেতন প্রযোজ্য স্কেলের ঐ পর্যায়ে নির্ধারিত হইবে, যাহা তাঁহারা পূর্বে একই পদবিতে থাকাকালে গ্রহণ করিতেছিলেন। পূর্বে যে সময়ব্যাপী তাঁহারা উক্ত বেতন গ্রহণ করিতেছিলেন উক্ত সময়কাল পুনঃপদোন্নতির পরবর্তী বার্ষিক বর্ধিত বেতন প্রদানের ক্ষেত্রে গণনাযোগ্য হইবে। এইরূপ মূল বেতন নির্ধারণের ফলে যদি এই অধ্যায়ের অনুচ্ছেদ-৪ অনুযায়ী নির্ধারিত বেতন অপেক্ষা কম হয়, তবে উক্ত ব্যক্তির বেতন অনুচ্ছেদ-৪ অনুযায়ী নির্ধারণ করিতে হইবে।

১২। পুনঃনিয়োগ (Re-enrolment)/প্রত্যাহ্বানে (Re-call) বেতন নির্ধারণ। জেএসআই ০১/২০২৬ প্রবর্তনের পর চাকরিতে পুনঃনিয়োগপ্রাপ্ত (Re-enrolment)/প্রত্যাহ্বানকৃত (Re-call) ব্যক্তির বেতন, যেই পদবি হইতে অবসর/ অব্যাহতি/সংরক্ষিত দায়ে বদলি (Transferred to reserve) হইয়াছিল সেই পদবিতে কৃত চাকরিকালের ভিত্তিতে জেএসআই ০১/২০২৬ এর যথাযথ ধাপে নির্ধারিত হইবে।

সীমিত

২৮

১৩। বেতন নির্ধারণের পর বার্ষিক বেতন বৃদ্ধি (Increment)। বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে প্রতি অর্থবৎসরের প্রথম দিবস। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী মূল বেতন নির্ধারণের পর জেসিও/ওআর, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্যগণের ক্ষেত্রে ১ জুলাই, ২০২৬ তারিখে একটি বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

তবে শর্ত থাকে যে, নতুন যোগদানকৃত কোনো জেসিও/ওআর, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্যগণের কোয়ালিফাইং চাকরির মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস হইলে তিনি বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।

১৪। সার্ভিস ওয়ার্দিনেস বেতন (এমওডিসি ব্যতীত)।

ক। সশস্ত্র বাহিনীর সৈনিক হইতে সার্জেন্ট ও সমতুল্য পদবিধারীগণ ৩০ জুন ২০২৬ তারিখে (টাকার অঙ্কে) আহরিত সার্ভিস ওয়ার্দিনেস বেতনের সহিত উক্ত বেতন উপাদানের ১০ শতাংশ যোগ করিয়া যেই পরিমাণ নির্ধারিত হইবে সেই পরিমাণ অর্থ সার্ভিস ওয়ার্দিনেস বেতন প্রযোজ্যতা অনুসারে ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে প্রাপ্য হইবেন। জেএসআই-০১/২০২৬ কার্যকরের তারিখ অর্থাৎ ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে নবযোগদানকৃত এবং পদোন্নতিপ্রাপ্ত উক্ত পদবিধারীগণ ৩০ জুন ২০২৬ তারিখে যোগদান করিলে বা পদোন্নতিপ্রাপ্ত হইলে যেই পরিমাণ সার্ভিস ওয়ার্দিনেস বেতন প্রাপ্ত হইতেন ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত তাঁহারা সেই পরিমাণ সার্ভিস ওয়ার্দিনেস বেতন প্রাপ্য হইবেন এবং ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে উহার সহিত ১০ শতাংশ যোগ করিয়া টাকার অঙ্কে যেই পরিমাণ নির্ধারিত হইবে উহা প্রাপ্য হইবেন। উল্লেখ্য, মূলবেতনের শতাংশ হারে সার্ভিস ওয়ার্দিনেস বেতন নির্ধারিত হইবে না।

খ। মূল বেতনের ভিত্তিতে পরিশোধযোগ্য বেতন ও ভাতা (যেমন, বাড়ি ভাড়া ভাতা) পরিশোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদবির ব্যক্তিবর্গের মূল বেতন, সার্ভিস ওয়ার্দিনেস বেতন এবং ব্যক্তিগত বেতনের (প্রযোজ্য ক্ষেত্রে) সমষ্টির ভিত্তিতে প্রযোজ্য হারে প্রদেয় হইবে;

গ। সংশ্লিষ্ট পদবির ব্যক্তিবর্গের মাসিক মূল বেতন, সার্ভিস ওয়ার্দিনেস বেতন এবং ব্যক্তিগত বেতনের (প্রযোজ্য ক্ষেত্রে) সমষ্টি পেনশন নির্ধারণের ক্ষেত্রে উক্ত পদবির বেতন হিসাবে গণ্য হইবে।

১৫। মূল বেতন ব্যতীত অন্যান্য বেতন।

সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড অফিসার ও তদনিম্ন ব্যক্তিবর্গ, রিক্রুট, এনসি(ই) ও সমতুল্যগণ এবং এমওডিসি ব্যক্তিবর্গ ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে নিম্নবর্ণিত বর্ধিত হারে/পরিমাণে প্রযোজ্যতা অনুসারে অন্যান্য বেতন (বেতন উপাদান) প্রাপ্য হইবেন:

সীমিত

২৯

ক্রমিক	অন্যান্য বেতন উপাদান	বর্তমান হার/পরিমাণ (টাকায়)	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত হার/পরিমাণ (টাকায়)
১।	**নিযুক্তি বেতন**		
স্কেল-২	৪৪০০০-৪৬২০০-৪৮৬০০-৫১০০০-৫৩৫০০-৫৬২০০-৫৯০০০-৬২০০০-৬৫১০০-৬৮৩০০-৭১৭০০-৭৫৩০০-৭৯১০০-৮৩০০০-৮৭২০০-৯১৫০০-৯৬১০০

নোট- ১। সরাসরি নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা কামিল পাশ হইতে হইবে।

২। ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের চাকরি সংক্রান্ত বিধি বিধান সংশোধনপূর্বক উপর্যুক্ত বেতনস্কেল বাস্তবায়ন করিতে হইবে।

৩। প্রযোজ্যতা। জেএসআই ১/২০১৬ দ্বারা নিয়ন্ত্রিত সশস্ত্র বাহিনীর সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা যাহারা ০১ জুলাই, ২০২৬ তারিখে চাকরিরত ছিলেন, উক্ত তারিখে যে সমস্ত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা অব্যাহতি/অবসর প্রস্তুতিমূলক/অক্ষমতাপূর্ব ছুটিতে ছিলেন এবং ০১ জুলাই, ২০২৬ তারিখের পরে যে সমস্ত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা চাকরিতে যোগদান করিবেন তাঁহাদের ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ প্রযোজ্য হইবে।

৪। ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের মূল বেতন নির্ধারণ।

ক। ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের মূল বেতন অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২৮.০০৫.১৯.৬৬ নং স্মারক অনুযায়ী উন্নীত স্কেল (স্কেল-২: ২২,০০০-৪৮,১২০ এবং স্কেল-১: ২২,২৫০-৫০,৫৬০) এর তারিখ হইতে প্রচলিত নিয়মে উক্ত স্কেল অনুযায়ী প্রদেয় হইবে। উক্ত নির্ধারিত বেতন অনুযায়ী ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত বকেয়া প্রাপ্য হইবেন। উক্ত সময়ে মূল বেতনের সহিত উত্তোলিত বিশেষ সুবিধা বাবদ অতিরিক্ত গৃহীত অর্থ প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

সীমিত

৬৩

খ। যেই সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হইতে ৩০ জুন ২০২৬ পর্যন্ত সময়ের মধ্যে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমন করিয়াছেন তাঁহারা উন্নীত স্কেলে বেতন নির্ধারণীর সুবিধা প্রাপ্য হইবেন।

গ। ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে নির্ধারিত বেতনের ভিত্তিতে (পরবর্তীতে প্রাপ্য বর্ধিত বার্ষিক বেতনসহকারে) ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের বেতন জেএসআই-১/২০২৬ এর আলোকে প্রচলিত নিয়মে ০১ জুলাই ২০২৬ তারিখে এই অধ্যায়ের অনুচ্ছেদ-৫ মোতাবেক বেতন নির্ধারণ করিতে হইবে।

৫। **ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের মূল বেতন নির্ধারণ পদ্ধতি**

(ক) ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২৮.০০৫.১৯.৬৬ নং স্মারক অনুযায়ী ৯ম গ্রেডে (স্কেল ১ ও ২) উন্নীতকরণের তারিখ হইতে উভয় স্কেলের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে বার্ষিক বেতন বৃদ্ধিসহকারে) ৩০ জুন ২০২৬ তারিখ পর্যন্ত প্রচলিত পদ্ধতিতে ৯ম গ্রেডে মূল বেতন নির্ধারিত হইবে। অতঃপর, ৩০ জুন ২০২৬ তারিখে নির্ধারিত মূল বেতনের সাথে উন্নীত স্কেলের প্রারম্ভিক ধাপের মধ্যকার পার্থক্য নির্ণয় করিতে হইবে। উহার পর নির্ণীত পার্থক্য জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপের সহিত যোগ করিতে হইবে এবং এই যোগফল যদি—

(১) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের কোনো ধাপের সমান হয়, তাহা হইলে ঐ ধাপেই বেতন নির্ধারণ করিতে হইবে;

(২) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের ঐ অঙ্কের সমান কোনো ধাপ না থাকিলে, তাহা হইলে পরবর্তী উচ্চতর ধাপে তাঁহার বেতন নির্ধারণ করিতে হইবে;

(খ) জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলে মূল বেতন নির্ধারণের পর ০১ জুলাই ২০২৬ তারিখে একটি বার্ষিক বেতন বৃদ্ধি (Increment) প্রাপ্য হইবেন।

উদাহরণ: ধরা যাক, একজন ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তার মূলবেতন ৯ম গ্রেডে উন্নীত হওয়ার পূর্বে জেএসআই ১/২০১৬ মোতাবেক স্কেল-২ অনুযায়ী **২৬,৬১০** টাকা। ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ৯ম গ্রেডে উন্নীত হওয়ায় উক্ত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তার মূলবেতন হইবে উন্নীত স্কেল (২২,০০০ - ৪৮,১২০) মোতাবেক **২৬,৭৬০** টাকা। এইক্ষেত্রে ০১ জুলাই ২০২৫ তারিখ পর্যন্ত প্রাপ্য ২টি বার্ষিক বর্ধিত বেতনসহ ৩০ জুন ২০২৬ তারিখে তাঁহার মূল বেতন হইবে **২৯,৫১০** টাকা। ০১ জুলাই ২০২৬ তারিখে জেএসআই ১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণের ক্ষেত্রে তাঁহার প্রাপ্য মূল বেতন অনুচ্ছেদ-২ এর স্কেল-২ অনুযায়ী **৫৩,৫০০** টাকা।

ব্যাখ্যা: ৩০ জুন ২০২৬ তারিখে ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তার জন্য উন্নীত স্কেলে (২২,০০০-৪৮,১২০) নির্ধারিত মূল বেতন হইবে **২৯,৫১০** টাকা। উক্ত মূল বেতন হইতে একই স্কেলের প্রারম্ভিক ধাপের মূল বেতন বিয়োগ করিলে পার্থক্যের পরিমাণ হয় (২৯,৫১০-২২,০০০) টাকা বা **৭,৫১০** টাকা। অতঃপর, জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের জন্য নির্ধারিত স্কেল-২ এর প্রারম্ভিক ধাপের সহিত উক্ত পার্থক্যের পরিমাণ যোগ করিলে (৪৪,০০০+৭,৫১০) বা **৫১,৫১০** টাকা হয়, যাহা জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ৪৪,০০০-৯৬,১০০ টাকার স্কেলে অনুরূপ ধাপের সমান না হওয়ায় পরবর্তী উচ্চতর ধাপে অর্থাৎ, **৫৩,৫০০** টাকায় তাঁহার মূল বেতন নির্ধারিত হইবে।

সীমিত

৬৪

গ। উপর্যুক্ত উদাহরণের আলোকে স্কেল-১ প্রাপ্ত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাদের বেতন নির্ধারণ করিতে হইবে।

৬। ০১ জুলাই ২০২৬ তারিখে যে ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন, শুধু পেনশন নির্ধারণের জন্য তাঁহার মূল বেতন, জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট অনুরূপ স্কেলে নির্ধারণ করিতে হইবে।

৭। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে যে সকল ব্যক্তি অবসর প্রস্তুতিমূলক ছুটিতে আছেন তাঁহারা অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকার সময় ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত বিশেষ সুবিধা অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) শেষ না হওয়া পর্যন্ত পাইতে থাকিবেন।

৮। ৩০ জুন, ২০২৬ তারিখে যে ব্যক্তির অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষ হইবে এবং ০১ জুলাই, ২০২৬ তারিখে অবসরে যাইবেন, তিনি ০১ জুলাই, ২০২৬ তারিখে কার্যকর জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণের সুবিধা প্রাপ্য হইবেন না।

৯। প্রথম নিয়োগ প্রাপ্তিতে মূল বেতন নির্ধারণ।

ক। ০১ জুলাই, ২০২৬ তারিখ হইতে প্রথম নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তির বেতন জেএসআই ০১/২০২৬ এর সংশ্লিষ্ট স্কেলের প্রারম্ভিক ধাপে নির্ধারণ করিতে হইবে;

খ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত নবনিয়োগপ্রাপ্তের ক্ষেত্রে তাঁহার মূল বেতন ৩০ জুন ২০২৬ তারিখে উক্ত পদে যোগদান করিলে ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের জন্য উন্নীত স্কেলের (স্কেল-২) প্রারম্ভিক ধাপ অনুযায়ী যেই মূল বেতন আহরণ করিতেন, উহার সহিত শুধু মূল বেতন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ১/২০২৬ এ বর্ণিত একই পদবির জন্য নির্ধারিত প্রারম্ভিক মূল বেতনের সহিত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২৮.০০৫.১৯.৬৬ নং স্মারক অনুযায়ী উন্নীত স্কেলের প্রারম্ভিক মূল বেতনের পার্থক্য) ৪০ শতাংশ ০১ জুলাই ২০২৬ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত এবং ৭০ শতাংশ ০১ জানুয়ারি ২০২৭ হইতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে প্রাপ্য হইবেন। ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে।

গ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে বিদ্যমান "বিশেষ সুবিধা" অবলুপ্ত হইয়াছে মর্মে গণ্য হইবে। তবে ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ কার্যকরের তারিখ পর্যন্ত বিদ্যমান "বিশেষ সুবিধা" এর আওতায় আহরিত অর্থ বর্ধিত বেতন বাবদ প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে। বেতন উপাদানসহ অন্যান্য সকল ভাতাদি ৩০ জুন, ২০২৬ তারিখে নিয়োগ হইলে যেই হারে প্রাপ্ত হইতেন সেই অঙ্কে ৩১ ডিসেম্বর, ২০২৭ তারিখ পর্যন্ত আহরণ করিবেন।

১০। পদোন্নতিতে বেতন নির্ধারণ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে যাহারা উচ্চতর স্কেলের পদে পদোন্নতি পাইবেন তাহাদের পদোন্নতি প্রাপ্ত পদে প্রচলিত নিয়ম অনুযায়ী বেতন নির্ধারণ করিতে হইবে।

১১। বেতন নির্ধারণের পর বার্ষিক বেতন বৃদ্ধি (Increment)। বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হইবে প্রতি অর্থবৎসরের প্রথম দিবস। জেএসআই ০১/২০২৬ অনুযায়ী মূল বেতন নির্ধারণের পর ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের ক্ষেত্রে ১ জুলাই, ২০২৬ তারিখে একটি বার্ষিক বেতন বৃদ্ধি প্রদেয় হইবে।

সীমিত

৬৫

তবে শর্ত থাকে যে, নতুন যোগদানকৃত কোন ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের কোয়ালিফাইং চাকরির মেয়াদ ন্যূনতম ৬ (ছয়) মাস হইলে তিনি বার্ষিক বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।

১২। আয়কর। আয়করের আওতাভুক্ত সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ বাধ্যতামূলকভাবে আয়কর আইনের বিধান মোতাবেক নিজের বেতন খাতের আয়সহ মোট আয় নিরূপণ ও নিজস্ব আয় হইতে আয়কর পরিশোধপূর্বক যথাসময়ে আয়কর রিটার্ন দাখিল করিবেন।

১৩। অনলাইনে বেতন নির্ধারণ। সশস্ত্র বাহিনীতে কর্মরত অসামরিক সরকারি কর্মচারীগণের অনলাইন বেতন নির্ধারণ পদ্ধতির ন্যায় সশস্ত্র বাহিনীর ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের অনলাইন বেতন নির্ধারণ করিবেন।

১৪। জেএসআই ০১/২০২৬ বহির্ভূত বিষয়।

সশস্ত্র বাহিনী সদস্যগণের জন্য সাধারণ ভবিষ্য তহবিলের সর্বনিম্ন চাঁদার হার মূল বেতনের ৫% এবং সর্বোচ্চ হার মূল বেতনের ২৫% নির্ধারণে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২১-১২-২০১৫ তারিখের এস.আর.ও. নং ৩৭৭-আইন/২০১৫ প্রজ্ঞাপন অনুসরণ করিতে হইবে, যা সময়ে সময়ে সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

দ্বিতীয় অংশ

সশস্ত্র বাহিনীর ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাদের ভাতা/সুবিধাদি:

১৫। বাড়ি ভাড়া ভাতা।

(১) বিবাহিত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তা।

সরকারি পারিবারিক বাসস্থান বরাদ্দ না করা হইলে নিম্নে বর্ণিত হারে বাড়ি ভাড়া ভাতা প্রদেয় হইবে, যথা:—

জেএসআই ০১/২০২৬ অনুযায়ী পদবি	**ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার জন্য**	**খুলনা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, গাজীপুর, ময়মনসিংহ ও বগুড়া সিটি কর্পোরেশন এবং কক্সবাজার ও সাভার শহর/পৌর এলাকার জন্য**	**অন্যান্য স্থানের জন্য**
ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাদের স্কেল ১ এর প্রারম্ভিক ধাপ হইতে স্কেল ২ এর সর্বোচ্চ ধাপ পর্যন্ত	মূল বেতনের ৪৫% হারে	মূল বেতনের ৩৫% হারে	মূল বেতনের ৩০% হারে

সীমিত

৬৬

(২) অবিবাহিত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাদের মূল বেতনের ২০% হারে মাসিক বাড়ি ভাড়া ভাতা প্রদান অব্যাহত থাকিবে।

(৩) যদি স্বামী ও স্ত্রী উভয়েই কোনো সশস্ত্র বাহিনী, সরকারি বা স্ব-শাসিত সংস্থা, ব্যাংক, বিমা বা আর্থিক প্রতিষ্ঠানের চাকরিজীবী হন এবং তাঁহারা একত্রে সরকারি বাসস্থানে বসবাস করেন, তাহা হইলে তাঁহাদের মধ্যে যাহার নামে বাসস্থান বরাদ্দ রহিয়াছে, তিনি কোনো বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন না; অপরজন (স্বামী বা স্ত্রী) যথারীতি বাড়ি ভাড়া ভাতা প্রাপ্য হইবেন। তবে, জেএসআই ০২/২০১৮ অনুযায়ী বিবাহিত জেসিও ও সমতুল্য পদবির ন্যায় ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের বিবাহিত সদস্যের অনুকূলে প্রাধিকারের (১ম শ্রেণির প্রাধিকার) চেয়ে নিম্ন শ্রেণির বাসা বরাদ্দ করা হইলে, ঐ বাসায় বসবাস করিলে "ক্ষতিপূরণ বাবদ বাড়িভাড়া ভাতা" মাসিক ৪,৮০০ টাকা হারে প্রাপ্য হইবেন।

১৬। চিকিৎসা ভাতা। (ক) চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে। সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ ৫০ বৎসর বয়স পর্যন্ত মাসিক ৩,০০০ (তিন হাজার) টাকা এবং ৫০ বৎসর ১ দিন হইতে ৬০ বৎসর বয়স পর্যন্ত ৪,০০০ (চার হাজার) টাকা চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন।

(খ) অবসরভাতাভোগীগণ নিম্নবর্ণিত হারে চিকিৎসা ভাতা প্রাপ্য হইবেন, যথা:—

ক্রমিক	বয়স	বর্তমান পরিমাণ (টাকায়)	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত পরিমাণ (টাকায়)
১	৫০ বৎসর বয়স পর্যন্ত	১,৫০০ মাসিক	৩,০০০ মাসিক
২	৫০ বৎসর ০১ দিন হইতে ৬০ বৎসর বয়স পর্যন্ত	১,৫০০ মাসিক	৪,০০০ মাসিক
৩	৬০ বৎসর ০১ দিন হইতে ৭০ বৎসর বয়স পর্যন্ত	৬৫ বৎসর বয়স পর্যন্ত ১,৫০০ মাসিক ৬৫ বৎসর ০১ দিন হইতে ৭০ বৎসর বয়স পর্যন্ত ২,৫০০ মাসিক	৫,০০০ মাসিক
৪	৭০ বৎসর বয়সের উর্ধ্বে	২,৫০০ মাসিক	৬,০০০ মাসিক

তবে শর্ত থাকে যে, কোনও মূল পেনশনভোগী হইতে উদ্ভূত একাধিক পারিবারিক পেনশনভোগীদের ক্ষেত্রে মূল পেনশনভোগীর প্রাপ্য চিকিৎসা ভাতাকে ভিত্তি ধরিয়া বিধি মোতাবেক আনুপাতিক হারে বণ্টন করিতে হইবে।

১৭। বিশেষ চাহিদাসম্পন্ন (প্রতিবন্ধী) সন্তান ভাতা। প্রচলিত নিয়মকানুন অনুসরণপূর্বক ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের প্রতিবন্ধী হিসাবে নিবন্ধিত প্রত্যেক বিশেষ চাহিদাসম্পন্ন সন্তানের (প্রতিবন্ধী সন্তান) জন্য মাসে ৩,০০০ টাকা (অনধিক ০২ সন্তানের জন্য) প্রদেয় হইবে। তবে, এই ক্ষেত্রে প্রতিবন্ধিতা সংশ্লিষ্ট অন্য কোনো ভাতা গ্রহণ না করিবার শর্ত প্রযোজ্য হইবে।

১৮। মোবাইল ভাতা। সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ মাসিক ১৫০ টাকা মোবাইল ভাতা প্রাপ্য হইবেন।

সীমিত

৬৭

১৯। হাওড়/দ্বীপ/চর ভাতা। ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ মূল বেতনের ২০% হারে, সর্বোচ্চ ৫,০০০ (পাঁচ হাজার) টাকা পর্যন্ত মাসিক হাওড়/দ্বীপ/চর ভাতা প্রাপ্য হইবেন। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের ১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ০৪.০০.০০০০.৫১২.৩৫.০১১.১৭.৭৬ নং প্রজ্ঞাপন, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৫ মে ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪১.০২৭.১৫-৪৮ নং প্রজ্ঞাপন ও ২৬ মে ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ০৭.০০. ০০০০.১৭৩.৪১.০২৭.১৫-১৩৫ নং প্রজ্ঞাপন এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা প্রযোজ্য হইবে।

২০। শিক্ষা সহায়ক ভাতা।

(ক) সকল ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের জন্য সন্তান প্রতি মাসিক ৫০০ (পাঁচশত) টাকা হারে এবং অনধিক ০২ (দুই) সন্তানের জন্য মাসিক সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) টাকা শিক্ষা সহায়ক ভাতা প্রদেয় হইবে, তবে, স্বামী ও স্ত্রী উভয়ই সশস্ত্র বাহিনীতে/সরকারি চাকুরিজীবী হইলে সন্তান সংখ্যা যে কোনো একজনের ক্ষেত্রেই গণনা করিয়া ভাতার পরিমাণ নির্ধারণ করিতে হইবে;

(খ) বয়সের সার্টিফিকেট দাখিল সাপেক্ষে ২৩ (তেইশ) বৎসর পর্যন্ত বয়সের সন্তানের জন্য শিক্ষা সহায়ক ভাতা প্রাপ্য হইবেন;

(গ) শিক্ষা সহায়ক ভাতার বিষয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৪ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের ০৭.১৭৩.০৩১.০২.০০.০৩০.২০১০-৭৯ নং স্মারক এবং ২৯ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের এস.আর.ও. নং ৪০-আইন/২০১৮ অনুসরণ করিতে হইবে।

২১। উৎসব ভাতা, শ্রান্তি ও বিনোদন ভাতা। (ক) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের আদেশ নম্বর অম/অবি(বাস্ত)-৪/এফবি-১২/৮৬/২৯, তারিখ: ০৩ জুলাই, ১৯৮৮; অফিস স্মারক নং ০৭.০০.০০০০. ১৭৩.৩১.০৪৮.১০-৭৩, তারিখ: ২৩ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ ও সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত অন্যান্য বিধানাবলি অনুসারে বার্ষিক উৎসব ভাতা এবং Bangladesh Services (Recreation Allowance) Rules, 1979 এবং অর্থ বিভাগের ২০ মার্চ ১৯৮৯ তারিখের অম(অবি)/প্রবি-২/ছুটি-৬/৮৬/২৮ নং স্মারক এর বিধান অনুসারে শ্রান্তি ও বিনোদন ভাতা প্রদেয় হইবে। এই ভাতা একবার উত্তোলন করা হইলে পরবর্তীকালে বেতন নির্ধারণজনিত (Pay Fixation) সংশ্লিষ্ট অফিসার কোনো বকেয়া প্রাপ্য হইবেন না;

(খ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২, তারিখ: ০৮-০৭-২০০৪ খ্রিষ্টাব্দ অনুযায়ী অবসরভাতাভোগীদের নিট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ০২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

২২। বাংলা নববর্ষ ভাতা। (ক) সশস্ত্র বাহিনীর ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ প্রতি বৎসর একবার আহরিত মাসিক মূল বেতনের ১৫% হারে বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হইবেন।

(খ) মাসিক নিট পেনশনগ্রহণকারী অবসরভোগীগণ ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণও (মূল পেনশনভোগীর প্রাপ্ত নিট পেনশনকে ভিত্তি ধরিয়া) এই ভাতা প্রাপ্য হইবেন।

সীমিত

৬৮

২৩। রেশনের পরিবর্তে রেশন ভাতা। জেএসআই-১/২০২৬-এ বর্ণিত শর্তাবলি অনুযায়ী অবসরভাতাভোগী ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ রেশনের পরিবর্তে রেশন ভাতা মাসিক নিম্নোক্ত হারে প্রাপ্য হইবেন, যথা:—

ক। প্রতি প্রাপ্ত বয়স্ক সদস্য (১২ বৎসর বয়স এবং তদূর্ধ্ব সন্তানসহ): ১০০০ টাকা

খ। প্রতি অপ্রাপ্ত বয়স্ক সদস্য (১২ বৎসর বয়সের নিম্নের সন্তান): ৫০০ টাকা

২৪। তেজস্ক্রিয় ঝুঁকি ভাতা। বাংলাদেশ সশস্ত্র বাহিনীতে স্থাপিত বিভিন্ন র‍্যাডারসমূহ/রূপপুর পারমাণবিক কেন্দ্রে কর্মরত ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণ মাসিক ১,৫০০ টাকা তেজস্ক্রিয় ঝুঁকি ভাতা প্রাপ্য হইবেন।

২৫। ধর্মীয় পরামর্শদানকারী কর্মকর্তাগণের পেনশন ও গ্র্যাচুইটি নির্ধারণের বিদ্যমান পদ্ধতি অপরিবর্তিত থাকিবে।

২৬। জেএসআই ০১/২০২৬ বহির্ভূত ভাতাসমূহ।

জেএসআই ০১/২০২৬-এ উল্লিখিত ভাতা/সুবিধাদির বাহিরে জেএসআই ১/৭৭, তারিখ ০১ জানুয়ারি, ১৯৭৭ (সময়ে সময়ে জারীকৃত সংশোধনীসহ) এবং জেএসআই ৬/২০০৫, তারিখ ১৭ আগস্ট, ১৯৯৯ এর মাধ্যমে প্রদত্ত অন্যান্য ভাতা এবং সুবিধাবলি কার্যকর থাকিবে।

অধ্যায়-৬

সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, এনসি(ই), এমওডিসি এবং তাঁহাদের সমতুল্যগণের অবসরজনিত সুবিধাবলি

১। জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর আলোকে প্রণীত জেএসআই ০১/২০২৬ দ্বারা সশস্ত্র বাহিনীর অফিসার, অনারারি কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, জেসিও ও কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, নন-কমব্যাট্যান্ট (এনরোল্ড), এমওডিসি এবং তাঁহাদের সমতুল্য পদবির ব্যক্তিবর্গ এবং অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট এবং এএফএনএস ক্যাডেটদের অবসরজনিত অন্যান্য সকল সুবিধাবলি জেএসআই ০১/২০১৬ অনুযায়ী অপরিবর্তিত রেখে বিশেষ পারিবারিক পেনশনার হিসেবে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী বিবাহ বা অন্য কোন কারণে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হলে পেনশনারের নিজ ছেলে/মেয়ে প্রচলিত নিয়মে পেনশন প্রাপ্তির জন্য অন্তর্ভুক্তি, সর্বোচ্চ ও সর্বনিম্ন পেনশনের পরিমাণ, চিকিৎসা ভাতা এবং অসমর্থ অবসর ভাতার পরিমাণ পুনর্নির্ধারণ করা হইল।

২। জেএসআই ১/২০১৬ এর বিধান মোতাবেক অবসরভাতাভোগীগণের জন্য প্রযোজ্য সকল ভাতা ও সুবিধাদি ৩০ জুন, ২০২৬ তারিখে প্রাপ্য বা আহরিত অঙ্কে ৩১ ডিসেম্বর, ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে এবং জেএসআই ১/২০২৬ অনুযায়ী সকল পুনর্নির্ধারণকৃত হার/পরিমাণ ০১ জানুয়ারি, ২০২৮ তারিখে কার্যকর হইবে। অবসরভাতাভোগীগণ ১ জুলাই ২০২৬ তারিখ হইতে এই নির্দেশাবলি জারির তারিখ পর্যন্ত সময়ের নিট পেনশন বাবদ বকেয়া প্রাপ্য হইবেন। তবে, ১ জুলাই ২০২৬ তারিখ হইতে এই নির্দেশাবলি জারির তারিখ পর্যন্ত বিশেষ সুবিধা বাবদ আহরিত অর্থ প্রাপ্য বকেয়ার সহিত সমন্বয় করিতে হইবে।

সীমিত

৬৯

৩। পেনশন/গ্র্যাচুইটি ও কম্যুটেশন

ক। পেনশন/গ্র্যাচুইটি ও কম্যুটেশনের বিদ্যমান হার অপরিবর্তিত থাকিবে।

খ। ০১ জুলাই ২০২৬ তারিখের পর হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত সময়ে সশস্ত্র বাহিনীর কোনো সদস্য অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষে অবসরে গমন করিলে তাঁহার গ্রস ও নিট পেনশন জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত হইবে। নিট পেনশন প্রাপ্তির ক্ষেত্রে সশস্ত্র বাহিনীর কোনো সদস্য ৩০ জুন ২০২৬ তারিখে অবসরে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যেই পরিমাণ নিট পেনশন প্রাপ্য হইতেন উহার পরিমাণ—

(১) যদি ২০,০০১ টাকা ও তদূর্ধ্ব হয় তাহা হইলে উহার সহিত বর্ধিত নিট পেনশন (৩০ জুন ২০২৬ তারিখে অবসরে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যে পরিমাণ নিট পেনশন পাইতেন এবং জেএসআই ০১/২০২৬ অনুযায়ী অবসরে গমন করায় যেই পরিমাণ নিট পেনশন পাইবেন উহার পার্থক্য) এর ৪০ শতাংশ যোগ করিয়া পেনশন ভোগের তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত প্রাপ্য হইবেন; অতঃপর উক্ত বর্ধিত অঙ্কের ৭০ শতাংশ যোগ করিয়া ১ জানুয়ারি ২০২৭ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন; অতঃপর ১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে পূর্ণ হারে নিট পেনশন প্রদেয় হইবে।

(২) যদি ২০,০০০ টাকা ও তদনিম্ন হয় তাহা হইলে উক্ত নিট পেনশনের সহিত বর্ধিত নিট পেনশন (৩০ জুন ২০২৬ তারিখে অবসরে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যে পরিমাণ নিট পেনশন পাইতেন এবং জেএসআই ০১/২০২৬ অনুযায়ী অবসরে গমন করায় যেই পরিমাণ নিট পেনশন পাইবেন উহার পার্থক্য) এর ৫০ শতাংশ যোগ করিয়া পেনশন ভোগের তারিখ হইতে প্রযোজ্য ক্ষেত্রে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত প্রাপ্য হইবেন; অতঃপর উক্ত বর্ধিত অঙ্কের ৭৫ শতাংশ যোগ করিয়া ১ জানুয়ারি ২০২৭ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত প্রাপ্য হইবেন; অতঃপর ১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে পূর্ণ হারে নিট পেনশন প্রদেয় হইবে।

গ। ৩০ জুন, ২০২৬ তারিখে সশস্ত্র বাহিনীর যে সকল সদস্যের অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষ হইবে (SOS) এবং ০১ জুলাই, ২০২৬ তারিখে অবসরে যাইবেন, তাঁহারা গ্রস ও নিট পেনশন নির্ধারণের ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণী সুবিধা প্রাপ্য হইবেন না। তাঁহাদের গ্রস ও নিট পেনশন জেএসআই ০১/২০১৬ অনুযায়ী নির্ধারিত হইবে। নিট পেনশন প্রাপ্তির ক্ষেত্রে এই অধ্যায়ের অনুচ্ছেদ ২৭ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

ঘ। সশস্ত্র বাহিনীর সকল অবসরভাতাভোগীগণের ক্ষেত্রে প্রতি অর্থ বৎসরের প্রথম দিবসে নিট পেনশনের উপর বাৎসরিক ৫% ইনক্রিমেন্ট প্রযোজ্য হইবে।

৪। প্রচলিত বিধি-বিধানের প্রাসঙ্গিক বিষয়াদি জেএসআই ০১/২০২৬ দ্বারা সংস্থাপিত না হইলে তাহা বলবৎ থাকিবে।

সীমিত

৭০

প্রথম অংশ

কমিশন্ড অফিসারবৃন্দ

৫। অবসরভাতার কর্ম উপাদান (Service Element of Pension)। ১০ বৎসর অথবা তদূর্ধ্ব কালের যোগ্য চাকরি সম্পন্ন জেনারেল এবং সমতুল্য ও তদনিম্ন পদবির অফিসারগণ চাকরি হইতে অবসরপ্রাপ্ত/অব্যাহতিপ্রাপ্ত (Retirement/Release) হইলে নিম্নের ফর্মুলা অনুসারে অবসর ভাতার কর্ম উপাদান পাইবেন:

৯ **X** শেষ গৃহীত বেতন (শেঃ গৃঃ বেঃ) **X** সম্পন্নকৃত অবসরভাতাযোগ্য চাকরি (সঃ অঃ চাঃ)

১০ **X** পদবির জন্য নির্ধারিত চাকরি (পঃ জঃ নিঃ চাঃ)

= অর্জিত গ্রস পেনশনের পরিমাণ সর্বোচ্চ ১,৫৪,০০০ টাকা হইবে, তবে তাহা শেষ গৃহীত বেতনের ৯০% এর ঊর্ধ্বে হইবে না। এই বিধি সকল শ্রেণির অফিসারদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

টীকা:

ক। শেষ গৃহীত বেতন (শেঃ গৃঃ বেঃ) বলিতে অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) অথবা দায়িত্ব হইতে অব্যাহতির (SOD) ঠিক প্রাক্কালে গৃহীত পদের মূল বেতন এবং অন্যান্য বেতন উপাদানের সমষ্টিকে বুঝাইবে। তবে, ০১ জুলাই, ২০২৬ তারিখে যাহারা অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন তাঁহাদের অর্জিত শেষ গৃহীত বেতন জেএসআই ১/২০২৬ অনুযায়ী নির্ণীত হইবে।

খ। অবসরগামী অফিসারদের মধ্যে যাহারা ০১ জুলাই ২০২৬ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকিবেন এবং পরবর্তীকালে অবসর গ্রহণ করিবেন, তাঁহারা অবসর প্রস্তুতিমূলক ছুটিতে না থাকিলে যে বেতন পাইতেন (জেএসআই ১/২০২৬ অনুযায়ী পদের মূল বেতন এবং জেএসআই ১/২০১৬ অনুযায়ী অন্যান্য বেতন উপাদান), উহার ভিত্তিতে অবসর গ্রহণের দিন হইতে তাঁহাদের অবসর ভাতা নির্ধারিত হইবে।

গ। ০১ জুলাই ২০২৬ তারিখ থেকে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমনকারীগণের মূল বেতন, ৩০ জুন ২০২৬ তারিখে চাকরি থেকে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী তাঁহারা যেই মূল বেতন আহরণ করিতেন উহার সহিত শুধু মূল বেতন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত মূল বেতনের সহিত জেএসআই ০১/২০১৬ তে একই পদবির জন্য প্রাপ্য মূল বেতনের পার্থক্য) ৪০ শতাংশ ০১ জুলাই ২০২৬ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত এবং ৭০ শতাংশ ০১ জানুয়ারি ২০২৭ থেকে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে প্রদেয় হইবে। তবে, ০১ জুলাই ২০২৭ তারিখ থেকে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে গমনকারীগণের ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত শতভাগ মূল বেতন প্রদেয় হইবে। ০১ জানুয়ারি, ২০২৮ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে প্রযোজ্য সকল বেতন উপাদান ও ভাতাদি প্রদেয় হইবে;

সীমিত

৭১

ঘ। ০১ জুলাই, ২০২৬ তারিখে যে সকল অফিসার অবসর প্রস্তুতিমূলক ছুটিতে (এলপিআর) রহিয়াছেন তাঁহারা উক্ত ছুটিতে থাকাকালীন ৩০ জুন, ২০২৬ তারিখে আহরিত বিশেষ সুবিধা পাইতে থাকিবেন।

ঙ। অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন যদি বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও সংশ্লিষ্ট অফিসারের অবসরভাতা নির্ধারণের জন্য টীকা-ক অনুযায়ী তার শেষ গৃহীত বেতনের সহিত যুক্ত হইবে।

চ। পেনশন রেগুলেশন-১৯৬৮ এর রুল-১৪(বি) এর নোট-২ মোতাবেক এএফএনএস অফিসারদের ক্ষেত্রে রিলিফ-ইন-কাইন্ড এর পরিবর্তে **৪৩৯** টাকা শেষ গৃহীত বেতনের সহিত যোগ করিয়া পেনশন নির্ধারিত হইবে।

ছ। সশস্ত্র বাহিনীর যে সকল সদস্য ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত সময়ে অবসর প্রস্তুতিমূলক ছুটি শেষে অবসরে গমন করিবেন, তাঁহারা ৩০ জুন ২০২৬ তারিখে অবসরে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী যেই হার/পরিমাণে ভাতাদি পাইতেন, সেই হার/পরিমাণে ৩১ ডিসেম্বর ২০২৭ পর্যন্ত ভাতাদি পাইতে থাকিবেন। ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে অবসরভোগীগণ জেএসআই ০১/২০২৬ অনুযায়ী ভাতাদি প্রাপ্য হইবেন।

৬। বিশেষ অতিরিক্ত অবসর ভাতা (Special Additional Pension)। প্রচলিত বিধি-বিধান অনুসারে অবসরভাতার কর্ম উপাদানের সহিত বিশেষ অতিরিক্ত অবসরভাতা প্রদান অব্যাহত থাকিবে, তবে হার নিম্নরূপ হইবে, যথা:—

পদবি	প্রতি বৎসরের চাকরির জন্য অনুমোদিত হার (টাকা প্রতিমাসে)	সর্বোচ্চ প্রদেয় বিশেষ অতিরিক্ত অবসর ভাতা (টাকা প্রতিমাসে)
ক। ক্যাপ্টেন এবং তদনিম্ন ও সমতুল্য	১৪০	৪২১
খ। মেজর এবং সমতুল্য	২১৫	৬৪৭
গ। লেঃ কর্নেল এবং সমতুল্য	৩৫৬	১০৬৮
ঘ। কর্নেল এবং সমতুল্য	৪৩০	১২৯০
ঙ। ব্রিগেডিয়ার জেনারেল এবং সমতুল্য	৫৭০	১৭১২
চ। মেজর জেনারেল এবং সমতুল্য	৭৭৩	২৩২০
ছ। লেঃ জেনারেল এবং সমতুল্য	৯৬৮	২৯০৫
জ। জেনারেল ও সমতুল্য	১১৮৩	৩৫৪৯

৭। অবসরভাতার বাহিনী প্রধান উপাদান (Chief of Staff Element of Pension)। বাহিনী প্রধানগণ অবসরগ্রহণকালে বাহিনী প্রধান হিসাবে নিযুক্ত থাকার প্রতি পূর্ণ বৎসরের জন্য মাসিক ৫৩৮ টাকা হারে সর্বোচ্চ মাসিক ২,১৫৩ টাকা পাইবেন। ইহা অবসরভাতার কর্ম উপাদান এবং বিশেষ অতিরিক্ত অবসরভাতার বাড়তি হিসাবে প্রদেয় হইবে। তাছাড়া তাহারা অবসরভাতার সহিত প্রচলিত হারে ব্যাটম্যান ভাতা এবং ক্ষতিপূরণার্থে ব্যাটম্যান রসদভাতা প্রাপ্য হইবেন।

সীমিত
৭২

৮। অসমর্থ অবসর ভাতা (Disability Pension)। বর্তমানে প্রচলিত শর্তানুসারে অসমর্থ অবসরভাতা প্রদেয় হইবে। তবে, অসমর্থ অবসরভাতার (কর্ম উপাদান+অসমর্থ উপাদান) হার নিম্নরূপ হইবে, যথা:—

ক। কর্ম উপাদান (Service Element)।

(১)	১০ বছরের নিম্নে অবসরভাতা যোগ্য চাকরিকাল	১০ বছরের অবসরযোগ্য চাকরিকালের জন্য প্রযোজ্য কর্ম অবসর ভাতা প্রতিমাসে
(২)	১০ বছরের উর্ধ্বে অবসরভাতা যোগ্য চাকরিকাল	অবসরযোগ্য চাকরিকালের জন্য প্রযোজ্য কর্ম অবসর ভাতা

খ। অসমর্থ উপাদান (Disability Element)।

(১) যুদ্ধ/বৈদেশিক আগ্রাসন/ঘোষিত অপারেশন এলাকায় যুদ্ধাহত/আহত হওয়ার কারণে নিম্নবর্ণিত পুনর্নির্ধারিত পরিমাণে প্রদেয় হইবে:

অসমর্থতা শ্রেণি	**অসমর্থ উপাদান**	
	বিদ্যমান পরিমাণ	**জেএসআই ০১/২০২৬ অনুযায়ী পরিমাণ**
(ক) 'ক' শ্রেণির অসমর্থতা (৬০%-১০০%)	বার্ষিক ২৫,৩২০ টাকা	বার্ষিক ২৭,৮৫২ টাকা
(খ) 'খ' শ্রেণির অসমর্থতা (৪০%-৫৯%)	বার্ষিক ১৪,২৪৩ টাকা	বার্ষিক ১৫,৬৬৭ টাকা
(গ) 'গ' শ্রেণির অসমর্থতা (২০%-৩৯%)	বার্ষিক ৭,৯১৩ টাকা	বার্ষিক ৮,৭০৪ টাকা

(২) অভ্যন্তরীণ নাশকতা/বেসামরিক প্রশাসনকে সহায়তাসহ অন্যান্য কারণসমূহ যাহা সামরিক চাকরিতে আরোপণীয় অথবা সামরিক চাকরির জন্য রোগ বৃদ্ধির কারণে নিম্নবর্ণিত পরিমাণে প্রদেয় হইবে:

অসমর্থতা শ্রেণি	অসমর্থ উপাদান	
	বিদ্যমান পরিমাণ	**জেএসআই ০১/২০২৬ অনুযায়ী পরিমাণ**
(ক) 'ক' শ্রেণির অসমর্থতা (৬০%-১০০%)	বার্ষিক ২১,৭০২ টাকা	বার্ষিক ২৩,৮৭২ টাকা
(খ) 'খ' শ্রেণির অসমর্থতা (৪০%-৫৯%)	বার্ষিক ১২,২০৮ টাকা	বার্ষিক ১৩,৪২৮ টাকা
(গ) 'গ' শ্রেণির অসমর্থতা (২০%-৩৯%)	বার্ষিক ৭,৬৪৪ টাকা	বার্ষিক ৮,৪০৮ টাকা

৯। বিশেষ পারিবারিক অবসরভাতা (Special Family Pension)/বিশেষ নির্ভরশীল অবসরভাতা (Special Dependent Pension)/বিশেষ শিশু ভাতা (Special Children Allowance)। যুদ্ধ/বৈদেশিক আগ্রাসন /অভ্যন্তরীণ নাশকতা/বেসামরিক প্রশাসনকে সহায়তা প্রদান এবং সামরিক চাকরিজনিত অন্যান্য কারণে/রোগ বৃদ্ধির কারণে মৃত্যু হইলে:

সীমিত

৭৩

(ক) বিশেষ পারিবারিক অবসরভাতা (Special Family Pension)।

(১) মৃতের কম্যুটেশনযোগ্য (পেনশনযোগ্য) চাকরিকাল না হইলে: মৃতের শেষ গৃহীত বেতনের ৯০% (সর্বোচ্চ ১,৫৪,০০০ টাকা) হারে বিশেষ পারিবারিক অবসর ভাতা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/ মেয়ে প্রতিমাসে প্রাপ্য হইবেন। তবে, কম্যুটেশন বাবদ এককালীন কোনো অর্থ প্রাপ্ত হইবেন না;

(২) মৃতের কম্যুটেশনযোগ্য (পেনশনযোগ্য) চাকরিকাল হইলে: বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ৮ জুন ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসরভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী কম্যুটেশনযোগ্য টাকা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে এককালীন প্রাপ্য হইবেন। কম্যুটেশনযোগ্য অংশ মৃতের শেষ গৃহীত বেতনের ৯০% হারে নির্ণীত টাকা (সর্বোচ্চ ১,৫৪,০০০ টাকা) হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা বিশেষ পারিবারিক অবসরভাতা হিসাবে মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে প্রতিমাসে প্রাপ্য হইবেন। উল্লেখ্য, পেনশনার হিসেবে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী বিবাহ বা অন্য কোনো কারণে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হলে পেনশনারের নিজ ছেলে/মেয়ে প্রচলিত নিয়মে বিশেষ পারিবারিক পেনশন প্রাপ্য হইবে।

(খ) বিশেষ নির্ভরশীল অবসরভাতা (Special Dependent Pension)।

(১) মৃতের কম্যুটেশনযোগ্য (পেনশনযোগ্য) চাকরিকাল না হইলে। মৃতের কম্যুটেশনযোগ্য চাকরিকাল না হইলে শেষ গৃহীত বেতনের ৩০% হারে বিশেষ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীল প্রতিমাসে প্রাপ্য হইবেন;

(২) মৃতের কম্যুটেশনযোগ্য (পেনশনযোগ্য) চাকরিকাল হইলে। বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ৮ জুন ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসরভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী নির্ণীত কম্যুটেশনযোগ্য টাকা মৃতের নির্ভরশীল প্রাপ্য হইবেন। ইহা ছাড়াও মৃতের শেষ গৃহীত বেতনের ৩০% হারে বিশেষ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীল প্রতিমাসে প্রাপ্য হইবেন।

(গ) বিশেষ শিশুভাতা (Special Children Allowance)। বর্তমানে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী নিম্নরূপ হারে প্রদেয় হইবে, যথা:—

প্রতি শিশু	মাতৃহীন (মাসিক)	মাতৃহীন নয় (মাসিক)
৫ বৎসর বয়স পর্যন্ত	৮৬১	৫৩৮
৫ বৎসর পর হইতে ১৫ বৎসর বয়স পর্যন্ত	১,৬১৫	৯৬৮
১৫ বৎসর পর হইতে ২৫ বৎসর বয়স পর্যন্ত	২,১৫৩	১,৩৪৭

টীকা:

ক। শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ দুই সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

খ। কোনো দুর্ঘটনা অথবা সামরিক চাকরিতে আরোপনীয় ক্ষেত্রে কোনো অফিসারের মৃত্যু হইলে, মৃত্যু পরবর্তী ০৯ মাসের মধ্যে কোনো সন্তান জন্মগ্রহণ করিলে সে সন্তান পারিবারিক পেনশনের ক্ষেত্রে শিশু ভাতা প্রাপ্য হইবেন।

সীমিত

৭৪

গ। মৃতের ছেলে/মেয়ে বিশেষ পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে অর্থাৎ পারিবারিক পেনশনার হিসাবে বিবেচিত হইলে সন্তানদের জন্য প্রযোজ্য বিশেষ শিশু ভাতা প্রাপ্য হইবেন না।

১০। সাধারণ পারিবারিক অবসরভাতা/সাধারণ নির্ভরশীল অবসর ভাতা/সাধারণ শিশুভাতা। সামরিক চাকরিতে আরোপণীয় নয় বা সামরিক চাকরির কারণে রোগ বৃদ্ধি পাইয়া মৃত্যু ঘটে নাই অথবা অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যু ঘটিলে প্রদেয়:

(ক) সাধারণ পারিবারিক অবসরভাতা (Ordinary Family Pension)।

(১) মৃতের কম্যুটেশনযোগ্য চাকুরিকাল হইলে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ০৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসর ভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী কম্যুটেশনযোগ্য টাকা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে প্রাপ্য হইবেন। মৃতের সর্বশেষ গৃহীত মূল বেতনকে (অন্য সকল বেতন উপাদান ব্যতিরেকে) গণনা আনিয়া গ্রস পেনশনের ৫০% হারে সাধারণ পারিবারিক অবসর ভাতা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ ছেলে/মেয়ে প্রতিমাসে প্রাপ্য হইবেন। এই সুবিধা বর্তমানে সাধারণ পারিবারিক অবসর ভাতাভোগীগণও প্রাপ্য হইবেন। পারিবারিক পেনশন নির্ধারণের সময় মৃতের সর্বশেষ গৃহীত মূল বেতনকে গণনায় আনিয়া গ্রস পেনশন ৫০% নির্ধারণপূর্বক এবং তদপরবর্তীতে মৃতের অবসর গ্রহণের পর হইতে বিভিন্ন সময়ে সরকার কর্তৃক প্রদত্ত পেনশন বৃদ্ধির সকল সুবিধাসমূহ উক্ত ৫০% পেনশনের সহিত যোগ করিয়া পারিবারিক পেনশন নির্ধারণ করিতে হইবে;

(২) সশস্ত্র বাহিনীর সদস্যগণ পারিবারিক পেনশনের উপর বার্ষিক ৫% হারে ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন।

(খ) সাধারণ নির্ভরশীল অবসরভাতা (Ordinary Dependent Pension)।

মৃতের কম্যুটেশনযোগ্য চাকরিকাল হইলে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ০৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসরভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী কম্যুটেশনযোগ্য টাকা মৃতের নির্ভরশীলগণ প্রাপ্য হইবেন। মৃতের শেষ গৃহীত বেতনের ১৫% হারে সাধারণ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীলগণ প্রতিমাসে প্রাপ্য হইবেন।

গ। সাধারণ শিশু ভাতা (Ordinary Children Allowance)। বর্তমানে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী নিম্নরূপ হারে প্রদেয় হইবে, যথা:—

বয়স	বর্তমান হার (মাসিক)	
প্রতি শিশু	মাতৃহীন (মাসিক)	মাতৃহীন নয় (মাসিক)
৫ বৎসর বয়স পর্যন্ত	৪৩০	২৭০
৫ বৎসর পর হইতে ১৫ বৎসর বয়স পর্যন্ত	৮০৯	৪৮৫
১৫ বৎসর পর হইতে ২৫ বৎসর বয়স পর্যন্ত	১,০৭৬	৬৭০

টীকা:

ক। শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ ০২ (দুই) সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

সীমিত
৭৫

খ। মৃতের ছেলে/মেয়ে সাধারণ পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে সাধারণ শিশু ভাতা প্রাপ্য হইবে না।

১১। নিত্য পরিচারক ভাতা (Constant Attendance Allowance)। নিত্য পরিচারক ভাতা প্রদানের বিধি-বিধান অপরিবর্তিত থাকিবে। এই ভাতা **মাসিক ৮৬০** টাকা হারে প্রদেয় হইবে।

১২। অবসরগামী কর্মকর্তাদের পূর্ণ বেতনে ১২ (বারো) মাস অবসর প্রস্তুতিমূলক ছুটি প্রদান এবং ছুটি নগদায়ন সুবিধা।

অবসরগামী কোনো সশস্ত্র বাহিনী সদস্য ছুটি পাওনা সাপেক্ষে—

(১) ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা পাইবেন; এবং

(২) ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা ভোগ করিবেন।

১৩। ক্ষতিপূরণ অনুদান (Compensatory Grant)। কোনো কমিশন্ড অফিসার চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে ও স্থায়ীভাবে অক্ষম হওয়ার ক্ষেত্রে যথাক্রমে ০৮ লক্ষ টাকা এবং ০৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রাপ্য হইবেন।

দ্বিতীয় অংশ
অফিসার ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট

১৪। সেনা, নৌ এবং বিমানবাহিনীর একাডেমিসমূহে প্রশিক্ষণে থাকা অবস্থায় কোনো অফিসার ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট অসমর্থ হইলে বা মৃত্যুবরণ করিলে নিম্নবর্ণিত মাসিক হারে অসমর্থ অবসরভাতা/ পারিবারিক অবসরভাতা/ নির্ভরশীল অবসরভাতা/শিশু ভাতা প্রাপ্য হইবেন, যথা:—

ক। অসমর্থ অবসর ভাতা (Disability Pension)।

ক্রমিক নং	অসমর্থতার পরিমাণ (শতকরা হারে)	অসমর্থ অবসরভাতার হার (মাসিক)
(১)	২০%	৩৮৬
(২)	৩০%	৪৪৯
(৩)	৪০%	৫১৬
(৪)	৫০%	৬৪৬
(৫)	৬০%	৭৭৪
(৬)	৭০%	৯০৩
(৭)	৮০%	১০৩২
(৮)	৯০%	১১৬২
(৯)	১০০%	১২৯২

সীমিত

৭৬

খ। মৃত্যু-আনুতোষিক। কোনো অফিসার ক্যাডেট, মিডশীপম্যান এবং ফ্লাইট ক্যাডেট প্রশিক্ষণ একাডেমিতে প্রশিক্ষণরত অবস্থায় মৃত্যুবরণ করিলে এবং উক্ত মৃত্যু সশস্ত্র বাহিনীর চাকরিতে আরোপনীয় কিংবা সশস্ত্র বাহিনীর চাকরির কারণে রোগে অধিকতর ক্ষতিগ্রস্ত বিবেচিত হইলে তাঁহার পরিবার নিম্নরূপ হারে মৃত্যু আনুতোষিক প্রাপ্য হইবেন, যথা:—

(১) বিবাহিত অফিসার ক্যাডেট/মিডশীপম্যান/ফ্লাইট ক্যাডেট- ১৮ মাসের বেতন।

(২) অবিবাহিত অফিসার ক্যাডেট/মিডশীপম্যান/ফ্লাইট ক্যাডেট- ১২ মাসের বেতন।

গ। পারিবারিক অবসরভাতা (Family Pension)/ শিশু ভাতা (Children Allowance)।

(১) মৃতের স্ত্রী/স্বামী/ছেলে/মেয়ে - ৬৪৬ টাকা (মাসিক)

(২) প্রত্যেক শিশুর জন্য শিশু ভাতা - ১৬৯ টাকা (মাসিক)

টীকা:

১। শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ ০২ সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

২। মৃতের ছেলে/মেয়ে পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে শিশু ভাতা প্রাপ্য হইবে না।

ঘ। নির্ভরশীল অবসরভাতা (Dependent Pension)

(১) পিতা/মাতা - ৫১৬ টাকা প্রতিমাসে

(২) ভাই-বোন

(ক) সম্মিলিতভাবে (যদি একাধিক ব্যক্তি হয়) - ৩২২ টাকা প্রতিমাসে

(খ) ভাই অথবা বোন (যদি একক ব্যক্তি হয়) - ১৬৯ টাকা প্রতিমাসে

(টীকাঃ উপর্যুক্ত সুবিধাসমূহ কমিশন্ড অফিসারের ক্ষেত্রে যে শর্তাধীনে প্রদেয় হয়, ঐ একই শর্তে অফিসার ক্যাডেট/ মিডশীপম্যান/ ফ্লাইট ক্যাডেট এর ক্ষেত্রেও প্রযোজ্য হইবে)।

তৃতীয় অংশ

অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ এবং নৌ ও বিমানবাহিনীতে তাঁহাদের সমতুল্যগণ, নন-কমব্যাট্যান্ট (এনরোল্ড) এবং এমওডিসি ব্যক্তিবর্গ।

১৫। অবসরভাতার কর্ম উপাদান (Service Element of Pension)। ১০ বছর বা তদূর্ধ্বকালের যোগ্য চাকরিসম্পন্ন উপরিউক্ত শ্রেণির ব্যক্তিবর্গ চাকরি হইতে অবসরপ্রাপ্ত/অব্যাহতিপ্রাপ্ত (Retirement/ Release) হইলে নিম্নের ফর্মূলা অনুসারে তাঁহাদের অবসরভাতার কর্ম উপাদান নির্ধারিত হইবে, যথা:—

$$\frac{\text{(শেষ গৃহীত বেতন +টাকা ৬০৮)} \times \text{সম্পন্নকৃত অবসরভাতাযোগ্য চাকরি}}{৩১}$$

= অর্জিত মাসিক অবসরভাতা, তবে (শেষ গৃহীত বেতন + ৬০৮ টাকা) এর ৯০% এর উর্ধ্বে নয়

সীমিত

৭৭

টীকা:

ক। শেষ গৃহীত বেতন বলিতে অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) অথবা দায়িত্ব হইতে অব্যাহতির (SOD) ঠিক প্রাক্কালে গৃহীত পদের বেতন এবং অবসরভাতায় গণনাযোগ্য অন্যান্য বেতন উপাদানের সমষ্টিকে বুঝাইবে। তবে, ০১ জুলাই, ২০২৬ তারিখে যাহারা অবসর প্রস্তুতিমূলক ছুটিতে ছিলেন তাহাদের অর্জিত শেষ গৃহীত বেতন জেএসআই ১/২০২৬ অনুযায়ী নির্ণীত হইবে।

শেষ গৃহীত বেতন বলিতে অবসর-প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) অথবা দায়িত্ব হইতে অব্যাহতির (SOD) ঠিক প্রাক্কালে গৃহীত পদের বেতন এবং অবসরভাতায় গণনাযোগ্য অন্যান্য বেতন উপাদানকে বুঝাইবে। যাহারা ০১ জুলাই ২০২৬ তারিখে অবসর প্রস্তুতিমূলক ছুটিতে থাকিবেন এবং পরবর্তীকালে অবসর গ্রহণ করিবেন, তাঁহারা ছুটিতে না থাকিলে যে বেতন পাইতেন (জেএসআই ১/২০২৬ অনুযায়ী পদের মূল বেতন এবং জেএসআই-১/২০১৬ অনুযায়ী অন্যান্য বেতন উপাদান), উহার ভিত্তিতে অবসর গ্রহণের দিন হইতে তাঁহাদের অবসর ভাতা নির্ধারিত হইবে।

খ। ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত অবসর-প্রস্তুতিমূলক ছুটিতে গমনকারীগণের মূল বেতন, ৩০ জুন ২০২৬ তারিখে চাকরি হইতে অবসর-প্রস্তুতিমূলক ছুটিতে গমন করিলে জেএসআই ০১/২০১৬ অনুযায়ী তাঁহারা যেই মূল বেতন আহরণ করিতেন তাহার সহিত শুধু মূল বেতন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত মূল বেতনের সহিত জেএসআই ০১/২০১৬ তে একই পদবির জন্য প্রাপ্য মূল বেতনের পার্থক্য) ০১ জুলাই ২০২৬ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত জেসিও ও সমতুল্যগণের জন্য ৪০ শতাংশ এবং সার্জেন্ট ও সমতূল্য এবং তদনিম্নগণের জন্য ৫০ শতাংশ প্রদেয় হইবে। পরবর্তীতে ০১ জানুয়ারি ২০২৭ হইতে ৩০ জুন ২০২৭ পর্যন্ত মেয়াদে জেসিও ও সমতুল্যগণের জন্য ৭০ শতাংশ এবং সার্জেন্ট ও সমতূল্য এবং তদনিম্নগণের জন্য ৭৫ শতাংশ প্রদেয় হইবে। তবে, ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে অবসর-প্রস্তুতিমূলক ছুটিতে গমনকারীগণের ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ অনুসারে নির্ধারিত সম্পূর্ণ (১০০%) মূল বেতন প্রদেয় হইবে। ০১ জানুয়ারি, ২০২৮ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে প্রযোজ্য সকল বেতন উপাদান ও ভাতাদি প্রদেয় হইবে।

গ। ০১ জুলাই, ২০২৬ তারিখে যেই সকল ব্যক্তিবর্গ অবসর প্রস্তুতিমূলক ছুটিতে (এলপিআর) রহিয়াছেন তাঁহারা উক্ত ছুটিতে থাকাকালীন ৩০ জুন, ২০২৬ তারিখে আহরিত বিশেষ সুবিধা পাইতে থাকিবেন।

ঘ। অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন যদি বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ থাকে, তাহা হইলে উক্ত বেতন বৃদ্ধিও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অবসরভাতা নির্ধারণের জন্য টীকা-'ক' অনুযায়ী তাহার শেষ গৃহীত বেতনের সহিত যুক্ত হইবে।

সীমিত

৭৮

১৬। অসমর্থ অবসরভাতা (Disability Pension)।

ক। কর্ম উপাদান (Service Element)। অসমর্থ অবসরভাতার কর্ম উপাদান নিরূপণে বর্তমানে প্রচলিত পদ্ধতি বলবৎ থাকিবে।

খ। অসমর্থ কর্ম উপাদান (Disability Pension)।

(১) যুদ্ধ/বৈদেশিক আগ্রাসন/অভ্যন্তরীণ নাশকতা/অসামরিক প্রশাসনকে সহায়তা/ঘোষিত অপারেশন এলাকায় যুদ্ধাহত/আহত হওয়ার কারণে:

অসমর্থতা শ্রেণি	মাসিক অসমর্থ উপাদান
(ক) 'ক' শ্রেণির অসমর্থতা (৬০%-১০০%)	শেষ গৃহীত বেতনের ১/৩ অংশ+এর ৩৩%
(খ) 'খ' শ্রেণির অসমর্থতা (৪০%-৫৯%)	শেষ গৃহীত বেতনের ১/৬ অংশ+এর ৩৩%
(গ) 'গ' শ্রেণির অসমর্থতা (২০%-৩৯%)	শেষ গৃহীত বেতনের ১/৮ অংশ+এর ৩৩%

(২) সামরিক চাকরিতে আরোপণীয় অন্যান্য কারণ অথবা সামরিক চাকরির জন্য রোগ বৃদ্ধিতে:

অসমর্থতা শ্রেণি	মাসিক অসমর্থ উপাদান
(ক) 'ক' শ্রেণির অসমর্থতা (৬০%-১০০%)	শেষ গৃহীত বেতনের ১/৩ অংশ
(খ) 'খ' শ্রেণির অসমর্থতা (৪০%-৫৯%)	শেষ গৃহীত বেতনের ১/৬ অংশ
(গ) 'গ' শ্রেণির অসমর্থতা (২০%-৩৯%)	শেষ গৃহীত বেতনের ১/৮ অংশ

১৭। বিশেষ পারিবারিক অবসরভাতা/বিশেষ নির্ভরশীল অবসরভাতা/বিশেষ শিশু ভাতা। বর্তমানে প্রচলিত বিধি-বিধান অনুসারে বিশেষ পারিবারিক অবসরভাতা/বিশেষ নির্ভরশীল অবসরভাতা/বিশেষ শিশু ভাতা প্রদেয় হইবে, তবে হার নিম্নরূপ হইবে, যথা:—

ক। বিশেষ পারিবারিক অবসরভাতা (Special Family Pension)

(১) মৃতের কম্যুটেশনযোগ্য চাকুরিকাল না হইলে। শেষ গৃহীত বেতনের ৯০% হারে বিশেষ পারিবারিক অবসরভাতা হিসাবে মৃতের বিধবা স্ত্রী/ বিপত্নীক স্বামী/ছেলে/ মেয়ে প্রতি মাসে প্রাপ্য হইবেন। তবে, কম্যুটেশন বাবদ এককালীন কোনো অর্থ প্রাপ্ত হইবেন না।

(২) মৃতের কম্যুটেশনযোগ্য চাকুরিকাল হইলে। বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসরভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী নির্ণীত কম্যুটেশনযোগ্য টাকা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে এককালীন প্রাপ্য হইবেন। কম্যুটেশনযোগ্য অংশ শেষ গৃহীত বেতনের ৯০% হারে নির্ণীত টাকা হইতে বিয়োগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা বিশেষ পারিবারিক অবসরভাতা হিসাবে মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে প্রতিমাসে প্রাপ্য হইবেন। উল্লেখ্য, পেনশনার হিসেবে বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী বিবাহ বা অন্য কোন কারণে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী পেনশন প্রাপ্যতার ক্ষেত্রে অযোগ্য বিবেচিত হলে পেনশনারের নিজ ছেলে/মেয়ে প্রচলিত নিয়মে বিশেষ পারিবারিক পেনশন প্রাপ্য হইবে।

সীমিত

৭৯

খ। বিশেষ নির্ভরশীল অবসরভাতা (Special Dependent Pension)

(১) মৃতের কম্যুটেশনযোগ্য (পেনশনযোগ্য) চাকুরিকাল না হইলে। শেষ গৃহীত বেতনের ৪০% হারে বিশেষ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীলগণ প্রতি মাসে প্রাপ্য হইবেন।

(২) মৃতের কম্যুটেশনযোগ্য চাকুরিকাল হইলে। বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা তারিখ ৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসরভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী নির্ণীত কম্যুটেশনযোগ্য টাকা মৃতের নির্ভরশীলগণ প্রাপ্য হইবেন। শেষ গৃহীত বেতনের ২/৫ হার (৪০%) বিশেষ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীলগণ প্রতিমাসে প্রাপ্য হইবেন।

গ। বিশেষ শিশু ভাতা (Special Children Allowance)

প্রতি শিশু	মাতৃহীন (মাসিক)	মাতৃহীন নয় (মাসিক)
(১) ৫ বৎসর বয়স পর্যন্ত	৬৪৫	৩২২
(২) ৫ বৎসর পর হইতে ১৫ বৎসর বয়স পর্যন্ত	৮৬১	৪৩০
(৩) ১৫ বৎসর পর হইতে ২৫ বৎসর বয়স পর্যন্ত	১০৭৬	৫৩৮

টীকা:

ক। শিশু ভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ দুই সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

খ। কোনো দুর্ঘটনা অথবা সামরিক চাকরিতে আরোপণীয় ক্ষেত্রে কোনো জেসিও/ওআর এর মৃত্যু হইলে, মৃত্যু পরবর্তী ০৯ মাসের মধ্যে কোনো সন্তান জন্মগ্রহণ করিলে সে সন্তান পারিবারিক পেনশনের ক্ষেত্রে শিশু ভাতা প্রাপ্য হইবেন।

গ। মৃতের ছেলে/মেয়ে বিশেষ পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে অর্থাৎ পারিবারিক পেনশনার হিসাবে বিবেচিত হইলে সন্তানদের জন্য প্রযোজ্য বিশেষ শিশু ভাতা প্রাপ্য হইবেন না।

১৮। সাধারণ পারিবারিক অবসরভাতা/সাধারণ নির্ভরশীল অবসরভাতা/সাধারণ শিশু ভাতা। সামরিক চাকরিতে আরোপণীয় নয় বা সামরিক চাকরির কারণে রোগ বৃদ্ধি পাইয়া মৃত্যু ঘটে নাই অথবা অবসরপ্রাপ্ত অবস্থায় মৃত্যু ঘটিলে প্রদেয়।

ক। সাধারণ পারিবারিক অবসরভাতা (Ordinary Family Pension)।

মৃতের কম্যুটেশনযোগ্য চাকুরিকাল হইলে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা, তারিখ ০৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসর ভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী কম্যুটেশনযোগ্য টাকা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ছেলে/মেয়ে প্রাপ্য হইবেন। মৃতের সর্বশেষ গৃহীত মূল বেতনকে (অন্য সকল বেতন উপাদান ব্যতিরেকে) গণনায় আনিয়া গ্রস পেনশনের ৫০% হারে সাধারণ পারিবারিক অবসর ভাতা মৃতের বিধবা স্ত্রী/বিপত্নীক স্বামী/ ছেলে/মেয়ে প্রতিমাসে প্রাপ্য হইবেন। এই সুবিধা বর্তমানে সাধারণ পারিবারিক অবসরভাতাভোগীগণও প্রাপ্য হইবেন। পারিবারিক পেনশন নির্ধারণের সময় মৃতের সর্বশেষ গৃহীত মূল বেতনকে গণনায় আনিয়া গ্রস পেনশন ৫০% নির্ধারণপূর্বক এবং তদপরবর্তীতে মৃতের অবসর গ্রহণের পর হইতে বিভিন্ন সময়ে সরকার কর্তৃক প্রদত্ত পেনশন বৃদ্ধির সকল সুবিধাসমূহ উক্ত ৫০% পেনশনের সহিত যোগ করিয়া পারিবারিক পেনশন নির্ধারণ করিতে হইবে;

সীমিত

৮০

খ। সাধারণ নির্ভরশীল অবসরভাতা (Ordinary Dependent Pension)।

মৃতের কম্যুটেশনযোগ্য চাকরিকাল হইলে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা তারিখ ০৮ জুন, ১৯৯৬ খ্রি: এর মর্মানুযায়ী প্রচলিত জেএসআইতে উল্লিখিত অবসর ভাতা নির্ধারণের ফর্মুলা অনুসারে এবং প্রচলিত জেএসআইতে উল্লিখিত কম্যুটেশন টেবিল অনুযায়ী নির্ণীত কম্যুটেশনযোগ্য টাকা মৃতের নির্ভরশীলগণ প্রাপ্য হইবেন। মৃতের শেষ গৃহীত বেতনের ১/৫ হার (২০%) সাধারণ নির্ভরশীল অবসরভাতা মৃতের নির্ভরশীলগণ প্রতিমাসে প্রাপ্য হইবেন।

গ। সাধারণ শিশু ভাতা (Ordinary Children Allowance)। বর্তমানে প্রচলিত বিধি-বিধান অনুসারে নিম্নরূপ হারে প্রদেয় হইবে, যথা:—

প্রতি শিশু	মাতৃহীন (মাসিক)	মাতৃহীন নয় (মাসিক)
(১) ৫ বৎসর বয়স পর্যন্ত	৩২২	১৬৩
(২) ৫ বৎসর পর হইতে ১৫ বৎসর বয়স পর্যন্ত	৪৩০	২১৬
(৩) ১৫ বৎসর পর হইতে ২৫ বৎসর বয়স পর্যন্ত	৫৩৮	২৭০

টীকা:

ক। শিশুভাতা পরিশোধ একই সময়ে সর্বোচ্চ দুই সন্তানে সীমাবদ্ধ থাকিবে।

খ। মৃতের ছেলে/মেয়ে সাধারণ পারিবারিক অবসরভাতা প্রাপ্য হইলে সাধারণ শিশুভাতা প্রাপ্য হইবে না।

১৯। নিত্য পরিচারক ভাতা (Constant Attendance Allowance): নিত্য পরিচারক ভাতা প্রদানের বিধি-বিধান অপরিবর্তিত থাকিবে। এই ভাতা নিম্নোক্ত হারে প্রদেয় হইবে, যথা:—

ক। অনারারি কমিশন্ড অফিসার ৬৪৬ (মাসিক)

খ। জেসিও/অন্যান্য পদবি ৪৩০ (মাসিক)

২০। ক্ষতিপূরণ অনুদান (Compensatory Grant): সশস্ত্র বাহিনীর কোনো জেসিও/অন্যান্য পদবির সদস্য চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করিলে ও স্থায়ীভাবে অক্ষম হওয়ার ক্ষেত্রে যথাক্রমে ০৮ লক্ষ টাকা এবং ০৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রাপ্য হইবেন।

২১। অবসরগামী জেসিও/ওআরদের অবসর প্রস্তুতিমূলক ছুটি প্রদান এবং ছুটি নগদায়নের সুবিধা। অবসরগামী সশস্ত্র বাহিনী সদস্যগণ ছুটি পাওনা সাপেক্ষে—

(১) ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগের সুবিধা পাইবেন, এবং

(২) ১৮ (আঠারো) মাস ছুটি নগদায়নের সুবিধা ভোগ করিবেন।

সীমিত

৮১

চতুর্থ অংশ

অবসরভাতাভোগীগণের অন্যান্য আর্থিক সুবিধাবলি

২২। সশস্ত্র বাহিনীর অবসরভাতাভোগীর বেসামরিক সংস্থায় পুনঃনিয়োগে বেতন নির্ধারণ। সশস্ত্র বাহিনীর অফিসার, জেসিও, ওআর, এনসি(ই) এবং এমওডিসি ব্যক্তিবর্গ অবসর গ্রহণের পর বেসামরিক সংস্থায় (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত সংগঠনসহ) পুনঃনিযুক্ত হইলে পুনঃনিযুক্ত পদের বেতন হইতে কোনো পেনশন কর্তন/সমন্বয়যোগ্য হইবে না।

২৩। চিকিৎসা ভাতা। চিকিৎসা সংক্রান্ত অন্যান্য সুবিধাদি যাহা সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশের মাধ্যমে প্রদান করা হইয়াছে তাহা যথারীতি বলবৎ থাকিবে। সশস্ত্র বাহিনীর সকল অবসরভাতাভোগীকে ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত জেএসআই ০১/২০১৬তে বর্ণিত পরিমাণে এবং **০১ জানুয়ারি ২০২৮** তারিখ হইতে নিম্নবর্ণিত পরিমাণে চিকিৎসা ভাতা প্রদেয় হইবে, যথা:

ক্রমিক	বয়স	বর্তমান পরিমাণ (টাকায়)	জেএসআই ০১/২০২৬ অনুযায়ী নির্ধারিত পরিমাণ (টাকায়)
১	৫০ বৎসর বয়স পর্যন্ত	১,৫০০ মাসিক	৩,০০০ মাসিক
২	৫০ বৎসর ০১ দিন হইতে ৬০ বৎসর বয়স পর্যন্ত	১,৫০০ মাসিক	৪,০০০ মাসিক
৩	৬০ বৎসর ০১ দিন হইতে ৭০ বৎসর বয়স পর্যন্ত	৬৫ বৎসর পর্যন্ত ১,৫০০ মাসিক ৬৫ বৎসর ০১ দিন থেকে ৭০ বৎসর পর্যন্ত ২,৫০০ মাসিক	৫,০০০ মাসিক
৪	৭০ বৎসর বয়সের উর্ধ্বে	২,৫০০ মাসিক	৬,০০০ মাসিক

তবে শর্ত থাকে যে, কোনও মূল পেনশনভাতাভোগী হইতে উদ্ভূত একাধিক পারিবারিক পেনশনভাতাভোগীদের ক্ষেত্রে মূল পেনশনভাতাভোগীর প্রাপ্য চিকিৎসা ভাতাকে ভিত্তি ধরিয়া বিধি মোতাবেক আনুপাতিক হারে বণ্টন করিতে হইবে।

২৪। রেশনের পরিবর্তে রেশন ভাতা। জেএসআই-২/২০০৬ এ বর্ণিত শর্তাবলি অনুযায়ী সশস্ত্র বাহিনীর সকল অবসরভাতাভোগীগণ মাসিক রেশনের পরিবর্তে নিম্নোক্ত পরিমাণে রেশন ভাতা প্রাপ্য হইবেন, যথা:

ক। প্রতি প্রাপ্তবয়স্ক সদস্য (১২ বৎসর বয়স এবং তদূর্ধ্ব সন্তানসহ) - **১০০০** টাকা

খ। প্রতি অপ্রাপ্তবয়স্ক সদস্য (১২ বৎসর বয়সের নিম্নের সন্তান) - **৫০০** টাকা

২৫। উৎসব ভাতা। (ক) সশস্ত্র বাহিনীর সকল অবসরভাতাভোগী নিট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ২টি উৎসব ভাতা প্রাপ্য হইবেন। ১০০% পেনশন সমর্পণকারীগণ, ১০০% পেনশন সমর্পণ না করিলে যেই পরিমাণ মাসিক নিট পেনশন প্রাপ্য হইতেন উক্ত পরিমাণ, প্রতি বৎসরে দুইটি উৎসব ভাতা হিসাবে প্রাপ্য হইবেন।

(খ) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের পরিপত্র নং-অম/অবি/বিধি-১/চাঃবি-৩/২০০৪/১০২, তারিখ: ০৮-০৭-২০০৪ খ্রিস্টাব্দ অনুযায়ী অবসরভাতাভোগীদের নিট পেনশনের সমপরিমাণ হারে বৎসরে ০২টি উৎসব ভাতা বলবৎ থাকিবে।

সীমিত

৮২

২৬। বাংলা নববর্ষ ভাতা। মাসিক নিট পেনশনগ্রহণকারী অবসরভাতাভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীগণ ৩১ ডিসেম্বর ২০২৭ তারিখ পর্যন্ত জেএসআই ০১/২০১৬-এ বর্ণিত হারে এবং ০১ জানুয়ারি ২০২৮ তারিখ হইতে মাসিক নিট পেনশনের ১৫% হারে প্রতি বৎসর একবার বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হইবেন।

২৭। অবসরভাতা বৃদ্ধি। ১ জুলাই ২০২৬ তারিখের অব্যবহিত পূর্বে বিদ্যমান মাসিক নিট পেনশনপ্রাপ্ত অবসরভাতাভোগী ও আজীবন পারিবারিক অবসরভাতাভোগীর ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ অনুযায়ী মূল অবসরভাতাভোগীর প্রাপ্ত নিট পেনশনকে ভিত্তি ধরিয়া সকল ধাপেই সর্বোচ্চ ও সর্বনিম্ন সীমাসহ নিম্নোক্ত সারণি অনুযায়ী নিট পেনশন নির্ধারিত হইবে, যথা:—

৩০ জুন ২০২৬ তারিখে প্রাপ্ত নিট পেনশনের পরিমাণ	**নিট পেনশন বৃদ্ধির হার**	**ন্যূনতম নিট পেনশন**	**সর্বোচ্চ নিট পেনশন**
সর্বনিম্ন-৯,০০০ টাকা	১০০%	১০,০০০ টাকা	১৮,০০০ টাকা
৯,০০১-২০,০০০ টাকা	৭৫%	১৮,০০১ টাকা	৩৫,০০০ টাকা
২০,০০১-৩০,০০০ টাকা	৬৫%	৩৫,০০১ টাকা	৪৯,০০০ টাকা
৩০,০০১-৪০,০০০ টাকা	৬০%	৪৯,০০১ টাকা	৬২,০০০ টাকা
৪০,০০১ ও তদূর্ধ্ব	৫৫%	৬২,০০১ টাকা	৭০,২০০ টাকা

তবে শর্ত থাকে যে, যেই সকল ক্ষেত্রে বিদ্যমান পেনশনপ্রাপ্ত অবসরভাতাভোগী ইতোমধ্যে ৭০,২০০ টাকার অতিরিক্ত নিট পেনশন উত্তোলন করিতেছেন, সেই ক্ষেত্রে তিনি পরবর্তী বার্ষিক বৃদ্ধি (ইনক্রিমেন্ট)-এর (১ জুলাই ২০২৭) পূর্ব পর্যন্ত বিদ্যমান নিট পেনশন প্রাপ্য হইবেন।

টীকা:

ক। মাসিক ২০,০০১ টাকা ও তদূর্ধ্ব স্ল্যাবভুক্ত নিট পেনশনভাতাভোগীগণের ক্ষেত্রে জেএসআই ০১/২০২৬ কার্যকর হওয়ার তারিখ অর্থাৎ ০১ জুলাই ২০২৬ তারিখে মূল পেনশনারের নিট পেনশন নির্ধারণ করিয়া, শুধু নিট পেনশন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ এ নির্ধারিত নিট পেনশন ও ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত নিট পেনশনের পার্থক্য) ৪০ শতাংশ ৩০ জুন ২০২৬ তারিখে উত্তোলিত পেনশনের সহিত যোগ করিয়া ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে; অতঃপর উক্ত বর্ধিত মোট টাকার অঙ্কের ৭০ শতাংশ ০১ জানুয়ারি ২০২৭ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে; এবং ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে বার্ষিক বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ নির্ধারিত শতভাগ নিট পেনশন প্রদেয় হইবে;

খ। মাসিক ২০,০০০ টাকা ও তদনিম্ন স্ল্যাব পর্যন্ত নিট পেনশনভাতাভোগীগণের ক্ষেত্রে ০১ জুলাই ২০২৬ তারিখে মূল পেনশনারের নিট পেনশন নির্ধারণ করিয়া, শুধু নিট পেনশন বাবদ মোট বর্ধিত টাকার অঙ্কের (জেএসআই ০১/২০২৬ এ নির্ধারিত নিট পেনশন ও ৩০ জুন ২০২৬ তারিখে আহরিত নিট পেনশনের পার্থক্য) ৫০ শতাংশ ৩০ জুন ২০২৬ তারিখে উত্তোলিত পেনশনের সহিত যোগ করিয়া ০১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে; অতঃপর উক্ত মোট বর্ধিত টাকার অঙ্কের ৭৫ শতাংশ ০১ জানুয়ারি, ২০২৭ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত প্রদেয় হইবে; এবং ০১ জুলাই ২০২৭ তারিখ হইতে জেএসআই ০১/২০২৬ অনুসারে বার্ষিক বৃদ্ধি (ইনক্রিমেন্ট) সহ নির্ধারিত শতভাগ নিট পেনশন প্রদেয় হইবে।

সীমিত

৮৩

গ। সশস্ত্র বাহিনীর অবসরভাতাভোগীর অবসর গ্রহণের পর কোনো সরকারি সংস্থায় পুনঃনিযুক্ত হইলে পুনঃনিযুক্তির ফলে বেতন বা পেনশনের সাথে উৎসব ভাতা, চিকিৎসা ভাতা ও নববর্ষ ভাতা সামরিক বা সরকারি যে কোন একটি সংস্থা হইতে প্রাপ্য হইবেন।

ঘ। সশস্ত্র বাহিনীর সদস্যগণ পারিবারিক পেনশনের উপর বার্ষিক ৫% হারে ইনক্রিমেন্ট প্রাপ্য হইবেন।

২৮। নিম্নোক্ত সারণিতে বর্ণিত হার/গুণক অনুযায়ী কম্যুটেশন নির্ধারিত হইবে—

পরবর্তী জন্মদিনে বয়স	কম্যুটেশন হার/গুণক	পরবর্তী জন্মদিনে বয়স	কম্যুটেশন হার/ গুণক
২০	২৯.৯৩২	৫১	২১.১৪৮
২১	২৯.৭৮২	৫২	২০.৭৬৩
২২	২৯.৫২০	৫৩	২০.৩৭৪
২৩	২৯.৩০৭	৫৪	১৯.৯৮০
২৪	২৯.০৯১	৫৫	১৯.৫৮২
২৫	২৮.৮৭০	৫৬	১৯.১৮০
২৬	২৮.৬৪৫	৫৭	১৮.৭৭৬
২৭	২৮.৪১৪	৫৮	১৮.৩৬৯
২৮	২৮.১৮০	৫৯	১৭.৯৬১
২৯	২৭.৯৪০	৬০	১৭.৫৫৩
৩০	২৭.৬৯৫	৬১	১৭.১৬৪
৩১	২৭.৪৪৪	৬২	১৬.৭৭১
৩২	২৭.১৮৯	৬৩	১৬.৩৮০
৩৩	২৬.৯২৭	৬৪	১৫.৯৯৪
৩৪	২৬.৬৬০	৬৫	১৫.৬১৩
৩৫	২৬.৩৮৭	৬৬	১৫.২৩৭
৩৬	২৬.১০৯	৬৭	১৪.৮৬৭
৩৭	২৫.৮২৪	৬৮	১৪.৫০৩
৩৮	২৫.৫৩৪	৬৯	১৪.১৪৫
৩৯	২৫.২৩৭	৭০	১৩.৭৯৪
৪০	২৪.৯৩৪	৭১	১৩.৪৫০
৪১	২৪.৬২৩	৭২	১৩.১১৫
৪২	২৪.৩০৮	৭৩	১২.৭৮৮
৪৩	২৩.৯৮৫	৭৪	১২.৪৬৯

সীমিত

৮৪

পরবর্তী জন্মদিনে বয়স	কম্যুটেশন হার/গুণক	পরবর্তী জন্মদিনে বয়স	কম্যুটেশন হার/ গুণক
৪৪	২৩.৬৫৫	৭৫	১২.১৬১
৪৫	২৩.৩১৭	৭৬	১১.৮৬১
৪৬	২২.৯৭৪	৭৭	১১.৫৭৩
৪৭	২২.৬২৩	৭৮	১১.২৯৪
৪৮	২২.২৬৩	৭৯	১১.০২৭
৪৯	২১.৮৯৮	৮০	১০.৭৭১
৫০	২১.৫২৬		

২৯। অবসরজনিত সুবিধাবলি যাহার উল্লেখ জেএসআই ০১/২০২৬-এ নাই, তাহা বর্তমানে প্রচলিত শর্তে এবং হার/পরিমাণে প্রদান অব্যাহত থাকিবে।

৩০। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নং ২৩.০০.০০০০.১৯০.৩৪.০১৫.২৫ এবং অর্থ বিভাগের পত্র নম্বর ০৭.০০.০০০০.০০০.১৭৪.৩২.০০৩৭.২৬-১০৬; তারিখ: ০৯ নভেম্বর ২০২৬ অনুসারে এই আদেশ জারি করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আশরাফ উদ্দিন
সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd